# প্রধানমন্ত্রীর কার্যালয়ের ওয়েব সাইটে প্রদর্শিত মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত শিল্প মন্ত্রণালয় সম্পর্কিত প্রতিশ্রুতি এবং নির্দেশনা বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন

**মার্চ-২০২২**

**শিল্প মন্ত্রণালয় সংশ্লিষ্ট মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতির সংখ্যা ১০টি এবং নির্দেশনার সংখ্যা ৬০টি। উক্ত ১০টি প্রতিশ্রুতির মধ্যে ১০টি প্রতিশ্রুতিই বাস্তবায়নাধীন। ৬০টি নির্দেশনার মধ্যে ইতিমধ্যে ৩২টি বাস্তবায়িত হয়েছে এবং ২৮টি নির্দেশনা বর্তমানে বাস্তবায়নাধীন আছে।**

**বাস্তবায়নাধীন ১০টি প্রতিশ্রুতির বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ :**

| ক্রঃ নং | প্রদত্ত প্রতিশ্রুতি ও প্রতিশ্রুতি প্রদানের সময় | গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১. | টাংগাইল শিল্প পার্ক স্থাপন<br><br>**(প্রতিশ্রুতি নং-১)**<br><br>৩০/৬/২০১২ খ্রি. | • প্রতিশ্রুতি বাস্তবায়নের জন্য বিসিক শিল্প পার্ক টাঙ্গাইল শিরোনামে মির্জাপুর উপজেলার গোড়াই মোমিননগর মৌজায় ৫০ একর জমি নিয়ে প্রাথমিকভাবে ১৬৪.০০ কোটি টাকা ব্যয়ে বাস্তবায়নের জন্য প্রকল্প গ্রহণ করা হয়েছে এবং পরবর্তীতে "বিসিক শিল্প পার্ক, টাংগাইল (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পটি ২৯৫৭৫.০০ লক্ষ টাকা ব্যয়ে গত ১৮ জুন ২০১৯ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়েছে।<br>**মেয়াদ**: জুলাই ২০১৫ হতে জুন ২০২২ পর্যন্ত | • প্রকল্পের পার্শ্ববর্তী খাস জমি হতে অবশিষ্ট জমি বুঝে নিয়ে জেলা প্রশাসন টাঙ্গাইল কর্তৃক ৪৯.৩৫ একর জমির পজেশন সরেজমিনে বুঝে নিয়ে সীমানা নির্ধারণ করা হয়েছে।<br>• প্রকল্পের আওতায় মাটি ভরাট কাজ চলমান রয়েছে এবং মাটি ভরাটের অগ্রগতি ৬০%।<br>• প্রকল্প এলাকার গাছ কাটা সম্পন্ন হয়েছে।<br>• ৯ম স্টিয়ারিং কমিটির সভার সিদ্ধান্তের আলোকে প্রকল্পের মেয়াদ বৃদ্ধিসহ ডিপিপি সংশোধনের কাজ চলমান।<br>• প্রকল্পের মোট প্রকল্প ব্যয় ২৯৫৭৫.০০ লক্ষ টাকা এবং ক্রমপুঞ্জিত ব্যয় ২৩২১৬ লক্ষ টাকা।<br>• আর্থিক অগ্রগতির হার ৭৮%। | বিসিক |
| ০২. | দক্ষিণাঞ্চল বিশেষ করে বরগুনাতে সুবিধাজনক স্থান চিহ্নিত করে জাহাজ নির্মাণ ও পুনঃ প্রক্রিয়াজাতকরণ শিল্প গড়ে তুলতে হবে। পায়রা বন্দরের নিকট ড্রাইডক নির্মাণ করার বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে<br><br>**(প্রতিশ্রুতি নং-২)**<br><br>২২/০২/২০১১ খ্রি. | • মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী বরগুনা জেলার তালতলী উপজেলার ছোট নিশানবাড়িয়া মৌজায় আধুনিক ও টেকসই পরিবেশবান্ধব জাহাজ পুনঃ প্রক্রিয়াকরণ শিল্প স্থাপনের জন্য ১০৫.৫০ একর জমি চিহ্নিত করা হয়েছে। জমি অধিগ্রহণের নিমিত্ত জেলা প্রশাসক, বরগুনা বরাবর প্রস্তাব প্রেরণ করা হয়েছে। এটি বাস্তবায়নের জন্য শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রনাধীন বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন (বিএসইসি) এর অনুকূলে প্রশাসনিক আদেশ দেয়া হয়েছে।<br>• বরগুনায় সুবিধাজনক স্থান চিহ্নিত করে জাহাজ নির্মাণ ও পুনঃপ্রক্রিয়াকরণজাত শিল্প গড়ে তোলার লক্ষ্যে সম্ভাব্যতা যাচাইয়ের জন্য "Feasibility Study of Environment Friendly Ship Re-cycling Industry at Taltali Upazila in Barguna District” শীর্ষক একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে।<br>মেয়াদ: **অক্টোবর ২০১৮ হতে ডিসেম্বর ২০২০ পর্যন্ত।** | • অনুমোদিত প্রকল্প ব্যয় : ৪৯৮.০০ লক্ষ টাকা এবং প্রকল্পের অনুকূলে ডিসেম্বর, ২০২০ ক্রমপুঞ্জিত ব্যয় ২৯০.৫৯ লক্ষ টাকা।<br>• অগ্রগতির হার : আর্থিক ৫৮.৩৫% এবং বাস্তব ৬৫%।<br>• প্রকল্পটি বাস্তবায়নে বিএসইসি কর্তৃক নিয়োগকৃত পরামর্শক প্রতিষ্ঠান Zentech Engineering, Korea কর্তৃক সমীক্ষা প্রতিবেদন গত ২৭-১২-২০২০ তারিখ দাখিল করেছে। দাখিলকৃত প্রতিবেদনে ক্রটি থাকায় ০৯/৫/২০২১ তারিখে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির জন্য পুনরায় প্রস্তাব প্রেরণ করা হলে,, প্রকল্পটির মেয়াদ ইতোপূর্বে ২ (দুই) বার বৃদ্ধি করা হয়েছে বিধায় সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতির অনুচ্ছেদ ৪.৪ অনুসারে মেয়াদ বৃদ্ধির সুযোগ না থাকায় মেয়াদ বৃদ্ধি করা হয়নি।<br>**বর্তমান কার্যক্রম :**<br>১। প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) ২৮/১১/২০২১ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br>২। ক) সমীক্ষা কাজের জন্য ঠিকাদারকে প্রদত্ত অর্থ ফেরত আনার জন্য ৭ জুলাই/২০২১ তারিখে পত্র প্রদান করা হয়েছে এবং পুণরায় পত্র প্রেরণের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। খ) শিল্প মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী প্রকল্পের আর্থিক ক্ষতির পরিমান যাচাই এবং কারণ অনুসন্ধানপূর্বক বিএসইসি’র স্মারক নং-৩৬.৯৩.০০০০.০২০.০৪.০০১.২০.২১৭ তারিখঃ ০৪-১১-২০২১ অনুযায়ী প্রকল্প পরিচালক-কে চাকুরি হতে অপসারণ করা হয়েছে।<br>৩। প্রকল্পের আওতায় সমীক্ষা প্রতিবেদনের অসমাপ্ত কাজসমূহ করার নিমিত্ত ১২/১০/২০২১ তারিখে বিভাগীয় | বিএসইসি |

| ক্রঃ নং | প্রদত্ত প্রতিশ্রুতি ও প্রতিশ্রুতি প্রদানের সময় | গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | | প্রধান নৌযান ও নৌ যন্ত্রকৌশল ও বুয়েটের প্রতিনিধির উপস্থিতিতে চেয়ারম্যান, বিএসইসি'র সভাপতিত্বে ১টি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ৫ সদস্য বিশিষ্ট মূল কমিটি এবং ৩ সদস্য বিশিষ্ট ১টি কারিগরি কমিটি গঠন করা হয়। কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক কারিগরি কমিটি কর্তৃক নমুনা TOR প্রস্তুতের কার্যক্রম চলমান আছে। | |
| ০৩. | কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে রাঙ্গাবালি উপজেলার বড়বাইশদিয়া ইউনিয়নে জাহাজমারাচর পয়েন্টে জাহাজ ভাঙ্গা শিল্প স্থাপন এবং শিপইয়ার্ড নির্মাণ<br><br>**(প্রতিশ্রুতি নং-৩)**<br>২৫/০২/২০১২ খ্রি. | • মাননীয় প্রধানমন্ত্রী ২৫.০২.২০১২ তারিখ পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলার এমবি কলেজ মাঠে অনুষ্ঠিত একজন সভায় 'কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে পটুয়াখালী জেলায় জাহাজ নির্মাণ শিল্প স্থাপনের প্রতিশ্রুতি প্রদান করেন। মাননীয় প্রধানমন্ত্রীর এ প্রতিশ্রুতি বাস্তবায়নের লক্ষ্যে এ শিল্প স্থাপনের নিমিত্ত অর্থনৈতিক ও ভৌগোলিক কারণে এবং নৌবাহিনীর সুপারিশের প্রেক্ষিতে পায়রা বন্দর এলাকাকে বাছাই করা হয়েছে। এটি বাস্তবায়নের জন্য শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রনাধীন বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন (বিএসইসি) এর অনুকূলে প্রশাসনিক আদেশ দেয়া হয়েছে।<br>• জমি অধিগ্রহণের নিমিত্ত জেলা প্রশাসক, পটুয়াখালী বরাবর প্রস্তাব প্রেরণ করা হয়েছে। প্রস্তাবিত জমির CS, RS, BS পর্চা ও জমির তথ্য জেলা প্রশাসক, পটুয়াখালী-এর কার্যালয় হতে সংগ্রহ করা হয়েছে।<br>• পাশাপাশি এ বিষয়ে পায়রা বন্দর কর্তৃপক্ষের অনাপত্তিপত্র ৩১.০১.১৯ তারিখে পাওয়া গেছে।<br>• নৌ পরিবহন মন্ত্রণালয় কর্তৃক গঠিত কমিটি প্রস্তাবিত স্থানটি পরিদর্শনপূর্বক জাহাজ নির্মাণ ও মেরামত শিল্প স্থাপনের জন্য শিল্প মন্ত্রণালয়ের চাহিত ১০৫.০৫ একরের পরিবর্তে ১০০.০০ একর জমির অনাপত্তি প্রদানের জন্য সুপারিশ করা হয়েছে। | **বর্তমান অবস্থা :**<br>পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলায় পায়রা বন্দর এলাকায় জাহাজ নির্মাণ ও মেরামত শিল্প স্থাপনের লক্ষ্যে Gentium-Damen কনসোর্টিয়াম এবং বিএসইসি'র মধ্যে সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন প্রণয়নের নিমিত্ত সমঝোতা স্মারক গত ১৪-০১-২০২০ তারিখে স্বাক্ষরিত হয়েছে। Gentium-Damen কনসোর্টিয়াম কর্তৃক কোভিড-১৯ এর প্রভাবে কাজটি নির্ধারিত সময়ে সম্পাদন করা সম্ভব হয় নাই বিধায় গত ১৮-০৭-২০২১ তারিখ শিল্প মন্ত্রণালয় কর্তৃক ৩য় বার ১৪-০৭-২০২১ তারিখ হইতে আরও ০৬ মাস পর্যন্ত সময় বৃদ্ধি করা হয়েছে (ছয়)। Gentium-Damen কনসোর্টিয়াম কর্তৃক গত ১০-০১-২০২২ তারিখে চূড়ান্ত সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদনের খসড়া বিএসইসিতে দাখিল করা হয়। চূড়ান্ত প্রতিবেদন যাচাই-বাছাই এর জন্য শিল্প মন্ত্রণালয় কর্তৃক ৭ সদস্য বিশিষ্ট কমিটি এবং পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), বিএসইসিকে আহ্বায়ক করে ৫(পাঁচ) সদস্য বিশিষ্ট ১টি কমিটি গত ২৭-০২-২০২২ তারিখে গঠিত হয়েছে। | বিএসইসি |
| ০৪. | চট্রগাম জেলার সন্দ্বীপ উপজেলায় বিসিক শিল্পনগরী স্থাপন।<br><br>**(প্রতিশ্রুতি নং-৪)**<br>১৮/০২/২০১২ খ্রি. | প্রতিশ্রুতি অনুযায়ী সন্দ্বীপ উপজেলার মুছাপুর ইউনিয়নে ১০.০০ একর জমি নিয়ে ২৩৪৩.০০ লক্ষ টাকা ব্যয়ে প্রকল্পের ডিপিপি প্রণয়ন করা হয়েছে।<br><br>**মেয়াদ: জানুয়ারি ২০২০ হতে ডিসেম্বর ২০২২** | • বিসিক শিল্পনগরী, সন্দ্বীপ প্রস্তাবিত প্রকল্পের উপর ২১/০৩/২০২১ তারিখে পিইসি সভা অনুষ্ঠিত হয়।<br>• পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী নতুন করে প্রকল্পের সম্ভাব্যতা যাচাইকরণের জন্য একটি কমিটি গঠন করা হয়। কমিটি ০৫/১০/২০২১ তারিখে প্রতিবেদন দাখিল করেছে। প্রতিবেদনের মতামত অনুযায়ী সন্দ্বীপের পরিবর্তে পটিয়া, চট্টগ্রামে শিল্পনগরী স্থাপনের অনুমোদন চাওয়া হয়েছে।<br>• পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করা হচ্ছে।<br>• মন্ত্রণালয়ের প্রতিনিধিদল প্রস্তাবিত প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন করে নির্দেশনা প্রদানের পর ডিপিপি পুনর্গঠন করা হবে। | বিসিক |
| ০৫. | রাজশাহী বিসিক শিল্পনগরীর সম্প্রসারণ, উন্নয়ন ও আধুনিকায়ন | • প্রতিশ্রুতি অনুযায়ী রাজশাহী জেলার পবা উপজেলার কচুয়াডোল – ললিতাহার মৌজায় ৫০ একর জমি নিয়ে "রাজশাহী বিসিক শিল্পনগরী-২" শিরোনামে প্রকল্প গ্রহণ করা হয়েছে। | ▪ ৫০ একর জমি অধিগ্রহণ সম্পন্ন হয়েছে।<br>▪ প্রকল্পের আওতায় মাটি ভরাট কাজ, সীমানা প্রাচীর, পুকুর পাড় প্যালাসাইডিং, বক্স কালভার্ট, ডিপ টিউবওয়েল, পাম্প হাউজ এবং প্রবেশ পথের গেইট নির্মাণ কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। | বিসিক |

| ক্রঃ নং | প্রদত্ত প্রতিশ্রুতি ও প্রতিশ্রুতি প্রদানের সময় | গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | করা<br>**(প্রতিশ্রুতি নং-৫)**<br>২৪/১১/২০১১ খ্রি. | • 'রাজশাহী বিসিক শিল্পনগরী-২ (বিশেষ সংশোধিত)' শীর্ষক প্রকল্পটি গত ০৩ জুলাই ২০১৮ তারিখে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়।<br>• অনুমোদিত প্রকল্প ব্যয় :১৭২৭০.০০ লক্ষ টাকা।<br>**মেয়াদ :**জুলাই ২০১৫ হতে ডিসেম্বর ২০২১ | ▪ প্রকল্পের আওতায় অফিস ভবন নির্মাণ কাজ ৯৭%, আরসিসি ড্রেন নির্মাণ কাজ ৯৫%, পানির পাইপ লাইন নির্মাণ কাজ ৯৫%, ডাম্পিং ইয়ার্ড নির্মাণ কাজ ৯০% ও রাস্তা নির্মাণ কাজ ৯০% সম্পন্ন হয়েছে।<br>▪ পাম্প ড্রাইভার কোয়ার্টার নির্মাণ কাজ ৮৫% সম্পন্ন হয়েছে এবং সোলার প্যানেল ৫০% সম্পন্ন হয়েছে।<br>▪ গ্যাস লাইন এবং বিদ্যুৎ লাইন স্থাপনের বর্তমানে কাজ চলমান রয়েছে।<br>▪ ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতির হার ৮১% এবং ভৌত অগ্রগতির হার ৯৫%।<br>**প্রকল্পটি মেয়াদ ডিসেম্বর ২০২১ এ সমাপ্ত হয়েছে।** | |
| ০৬. | সিরাজগঞ্জকে ইকোনোমিক জোন হিসেবে গড়ে তোলা এবং সিরাজগঞ্জে শিল্পপার্ক স্থাপন করা<br>**(প্রতিশ্রুতি নং-৬)**<br>০৯/০৪/২০১১ খ্রি. | ■ প্রতিশ্রুতি অনুযায়ী বিসিক শিল্প পার্ক, সিরাজগঞ্জ শিরোনামে কালিয়া হরিপুর ও বনবাড়িয়া ইউনিয়নের মোরগ্রাম, টালটিয়া, পূর্ব মোহনপুর, ছাতিয়াল তলা, বনবাড়িয়া ৫টি মৌজায় ৪০০ একর জমিতে প্রকল্প বাস্তবায়ন কাজ চলমান।<br>• বিসিক শিল্প পার্ক, সিরাজগঞ্জ (৩য় সংশোধিত)' প্রকল্পের ৩য় সংশোধিত ডিপিপি মোট ৭১৯২১.৪৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে গত ২১/০১/২০২০ তারিখে অনুষ্ঠিত একনেক বৈঠকে অনুমোদিত হয়।<br>মেয়াদ: **জুলাই ২০১০ হতে জুন ২০২২** | • প্রকল্পের আওতায় মাটি ভরাট কাজ সম্পন্ন হয়েছে।<br>• প্রকল্পের বাউন্ডারি ওয়াল ৬৫% সম্পন্ন হয়েছে, লেক রিজার্ভার নির্মাণ কাজ ৪৫%, অফিস ভবন নির্মাণ কাজ ৯৩%; ডাম্পিং ইয়ার্ড নির্মাণ কাজ ৫২%, পাম্প ড্রাইভার কোয়ার্টার (পাম্প হাউজসহ) নির্মাণ কাজ ৬৫% সম্পন্ন হয়েছে।<br>• প্রকল্পের ড্রেন নির্মাণ কাজ ২০%, পানির পাইপ লাইন নির্মাণ কাজ ৬৫% ,গভীর নলকূপ নির্মাণ কাজ ৪৮% , রাস্তা নির্মাণ কাজ ৬% সম্পন্ন হয়েছে।<br>• প্রকল্পের বাউন্ডারি ওয়ালের অবশিষ্ট অংশের নির্মান কাজ ইতোমধ্যে শুরু হয়েছে।<br>• প্রকল্পের মেইন গেইট নির্মাণ কাজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। শীঘ্রই নির্মাণ কাজ শুরু হবে।<br>• গ্যাস লাইন ও বিদ্যুৎ লাইন স্থাপন কাজের জন্য অর্থ ডিপোজিট করা হয়েছে।<br>• মোট প্রকল্প ব্যয় ৭১৯.২১ কোটি টাকা এবং ক্রমপুঞ্জিত ব্যয় ৪২৯.০৬ কোটি টাকা।<br>• আর্থিক অগ্রগতির হার ৬১% এবং ভৌত অগ্রগতির হার ৭২%। | বিসিক |
| ০৭. | খুলনা নিউজপ্রিন্ট মিলসহ বন্ধ পাটকলগুলো পুনরায় চালুকরণ এবং বিসিআইসি'র অধীনে দাদা ম্যাচ ফ্যাক্টরি পুনরায় চালুকরণ<br>**(প্রতিশ্রুতি নং-৭)**<br>০৫/৩/২০১১ খ্রি. | **খুলনা (১) নিউজপ্রিন্ট মিলস্ লি.:**<br>বন্ধ ঘোষিত খুলনা নিউজপ্রিন্ট মিলস লি. এর অব্যবহৃত ৫০ একর জমি নর্থ ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোঃ লি. (নওপাজেকো)-এর নিকট বিক্রির সিদ্ধান্ত হয়। এ বিষয়ে ১১-১২-২০১৮ তারিখে খুলনা নিউজ প্রিন্ট মিলস লি. এর অনুকূলে ২৫৪.৪২ কোটি (দুইশত চুয়ান্ন কোটি বিয়াল্লিশ লক্ষ) কোটি টাকার চেক হস্তান্তর পরবর্তীতে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। নওপাজেকো জমি ও স্থাপনার সমুদয় ৫৮৬.৫২ কোটি টাকার মধ্যে অবশিষ্ট অর্থ ২০১৯-২০২০ অর্থ বছরের মধ্যে পরিশোধ করবে। সমুদয় অর্থ পরিশোধের পরে ৫০ একর জমি নওপাজেকো'র অনুকূলে সাফ কবলা মূলে রেজিষ্ট্রেশন সম্পাদন করা হবে।<br>উল্লেখ্য, নওপাজেকো এর নিকট বিক্রয়ের পর অবশিষ্ট থাকবে (৮৭.৬১-৫০.০০) = ৩৭.৬১ একর জমি। | **(১) খুলনা নিউজপ্রিন্ট মিলস্ লি .:**<br>কেএনএমএল এবং নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানী লিমিটেড (নওপাজেকো) এর মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারক মোতাবেক নওপাজেকো ২৫৪.৪২ কোটি (দুইশত চুয়ান্ন কোটি বিয়াল্লিশ লক্ষ) টাকা পরিশোধ করেছে। অবশিষ্ট ৩৩২.১০ কোটি (তিনশত বত্রিশ কোটি দশ লক্ষ) টাকা ২০১৯-২০২০ অর্থ বছরের মধ্যে পরিশোধ করা এবং সমুদয় অর্থ (৫৮৬.৫২ কোটি টাকা) পরিশোধ সাপেক্ষে কেএনএমএল কর্তৃক উক্ত ৫০ (পঞ্চাশ) একর জমি নওপাজেকো-এর অনুকূলে সাফ কবলা মূলে চূড়ান্তভাবে রেজিষ্ট্রেশন সম্পাদন করার বিষয়টি স্বাক্ষরিত সমঝোতা স্মারকে উল্লেখ রয়েছে। উক্ত সমঝোতা স্মারক মোতাবেক অবশিষ্ট ৩৩২.১০ কোটি (তিনশত বত্রিশ কোটি দশ লক্ষ) টাকা পরিশোধের নিমিত্ত গত ১৪-১২-২০২১ তারিখে কেএনএমএল কর্তৃপক্ষ থেকে নির্বাহী কর্মকর্তা, নওপাজেকো বরাবর পুনরায় তাগিদ পত্র প্রেরণ করা হয়েছে। এছাড়াও উক্ত বিষয়ে গত ২৮-০৬-২০২১ তারিখে শিল্প মন্ত্রণালয় থেকে সচিব, বিদ্যুৎ বিভাগ বরাবর একটি আধাসরকারি পত্র (D.O. Letter) প্রেরণ করা হয়েছে। এছাড়া ১৮৯৫তম বিসিআইসি বোর্ডের সিদ্ধান্ত মোতাবেক, বিসিআইসি থেকে সচিব, বিদ্যুৎ বিভাগ বরাবর পত্র প্রেরণের কার্যক্রম চলমান আছে।<br>• কেএনএমএল-এর অবশিষ্ট জমিতে একটি ইন্টিগ্রেটেড পেপার মিল/স্টাচ/এপিআই কমপ্লেক্স কারখানা স্থাপনের লক্ষ্যে পেশাদার উপযুক্ত পরামর্শক প্রতিষ্ঠানের মাধ্যমে কারিগরি ও আর্থিক সম্ভাব্যতা যাচাই এর নিমিত্ত EOI(Expression of Interest) নোটিশ গত ১৫-০৩-২০২১ তারিখে পত্রিকায় প্রকাশিত হয়। এরই ধারাবাহিকতায় গত ১২-০৮-২০২১ তারিখে ইওআই উন্মুক্ত করা হয়েছে। ০৫টি দরপত্র জমা পড়েছে।<br>• এরই ধারাবাহিকতায় RFP Document প্রণয়ন করে গত ১৭-০১-২০২২ তারিখে ০৫(পাঁচ) টি প্রতিষ্ঠানসমূহকে RFP Document প্রদান করা হয়েছে এবং আগামী ০৩-০৩-২০২২ তারিখে ২টি প্রতিষ্ঠান হতে RFP Document এর প্রস্তাব পাওয়া গিয়েছে। | বিসিআইসি |

| ক্রঃ নং | প্রদত্ত প্রতিশ্রুতি ও প্রতিশ্রুতি প্রদানের সময় | গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | **(২) দাদা ম্যাচ ওয়ার্কস :**<br>মেসার্স ঢাকা ম্যাচ ইন্ডাস্ট্রিজ কোম্পানি লি. এর বেসরকারি শেয়ার হোল্ডারগণ কর্তৃক প্রস্তাবিত বেসরকারি মালিকানাধীন ৭০ শতাংশ শেয়ার একটি অডিট ফার্মের মাধ্যমে বর্তমান বাজার মূল্য যাচাই করে ধার্যকৃত মূল্য পরিশোধ করে সরকারের অনুকূলে নেয়া অথবা অনুরূপ মূল্যের ভিত্তিতে সরকারি মালিকানাধীন ৩০ শতাংশ শেয়ার ৭০ শতাংশ শেয়ারধারী বেসরকারি শেয়ারহোল্ডারগণের অনুকূলে হস্তান্তরের মাধ্যমে সরকারি বিনিয়োগ প্রত্যাহার করার বিষয়ে শিল্পসচিব মহোদয়ের সভাপতিত্বে ১৯/০৩/২০১৮ তারিখ শিল্প মন্ত্রণালয়ে একটি সভা অনুষ্ঠিত হয়।<br>‡উক্ত সভার সিদ্ধান্তমতে ২৪/০৬/২০১৮ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী বরাবর সার-সংক্ষেপ প্রেরণ করা হলে বর্ণিত বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনা গ্রহণের পরিবর্তে ঢাকা ম্যাচ ইন্ডাস্ট্রিজ কোং লিএর সমস্যা নিরসনের লক্ষ্যে মন্ত্রণালয়ের মতামত সম্বলিত পত্র প্রেরণের জন্য নির্দেশনা পাওয়া গেছে।<br>‡ নির্দেশনা মতে গত ০৯/০৮/২০১৮ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ে শিল্প মন্ত্রণালয় হতে একটি পত্র প্রেরণ করা হলেপ্রধানমন্ত্রীর কার্যালয়ের ১৩ সেপ্টেম্বর ২০১৮ তারিখের পত্রে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণের জন্য এ মন্ত্রণালয়কে অনুরোধ জানানো হয়েছে :<br>(ক) ঢাকা ম্যাচ ইন্ডাস্ট্রিজ কোং লি. এর দায়-দেনা ও শেয়ারের বিষয়টি একটি প্রতিষ্ঠিত অডিট ফার্ম দিয়ে অডিট করাতে হবে;<br>(খ) এ ছাড়া জমি এবং ব্যাংকের ঋণসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়গুলো আরো পরীক্ষা-নিরীক্ষা করে পুনরায় শিল্প মন্ত্রণালয় প্রস্তাব প্রেরণ করবে।<br>প্রধানমন্ত্রীর কার্যালয়ের উক্ত পত্রের প্রেক্ষিতে সচিব মহোদয়ের নির্দেশনায় ‘ঢাকা ম্যাচ ইন্ডাস্ট্রিজ কোং লি.’ এর মালিকানাধীন খুলনা ইউনিট ‘দাদা ম্যাচ ওয়ার্কস্’এবং ঢাকা ইউনিট ‘ঢাকা ম্যাচ ফ্যাক্টরি’এর দায়-দেনা নিরূপনের উদ্যোগ নেয়া হয়েছে এবংবাজার মূল্য নির্ধারনের জন্য জেলা প্রশাসক ঢাকা, খুলনা ও বিসিআইসি বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। | **(২) দাদা ম্যাচ ওয়ার্কস :**<br>দাদা ম্যাচ ফ্যাক্টরী (ঢাকা ম্যাচ ইন্ডাস্ট্রিজ কোম্পানী লিমিটেড) এর বিষয়ে শিল্প মন্ত্রণালয়ে অনুষ্ঠিত ২৯-০৬-২০২১খ্রি. তারিখের সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রতিষ্ঠানটির বেসরকারি ৭০% শেয়ার সরকার কর্তৃক ক্রয় অথবা সরকারি ৩০% বেসরকারি শেয়ার মালিকদের নিকট বিক্রয়ের বিষয়ে সুপারিশ প্রনয়ন করে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রস্তাব প্রেরণের সুবিধার্থে বিসিআইসি’র উদ্যোগে বেসরকারি শেয়ার হোল্ডার এবং শিল্প মন্ত্রণালয়ের প্রতিনিধির সমন্বয়ে ত্রি-পক্ষীয় সভায় মিলিত হয়ে জয়েন্ট ভেঞ্চারে রপ্তানি মুখী শিল্প স্থাপনের প্রস্তাব বিস্তারিত পরিকল্পনাসহ (business plan) প্রেরণের নির্দেশনা রয়েছে।<br>গত ১০-০১-২০২২খ্রি. সচিব, শিল্প মন্ত্রণালয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত নিম্নরূপ:-<br>ক) ঢাকা ম্যাচ ইন্ডাস্ট্রিজ কোম্পানি লিমিটেডের বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অতিদ্রুত সুনির্দিষ্ট ও স্বয়ং সম্পূর্ণ প্রস্তাব প্রেরণের লক্ষ্যে সভার নিম্নলিখিত মতামত/পর্যবেক্ষণসমূহ গুরুত্বের সাথে পর্যালোচনা পূর্বক প্রস্তাবিত প্রকল্প ২টি পুনঃনিরীক্ষা করে এবং প্রয়োজনে নতুন আরও গ্রহণযোগ্য ও টেকসই কোন প্রস্তাবনা থাকলে সেটিসহ অবিলম্বে একটি পূর্ণাঙ্গ সম্ভাব্যতা যাচাই প্রতিবেদনসহ যথাযথ প্রকল্প প্রস্তাবনা অতিদ্রুত এ মন্ত্রণালয়ে দাখিল করতে হবেঃ<br>খ) বিসিআইসি প্রয়োজনে প্রস্তাব দাখিলকারী প্রতিষ্ঠানটির বেসরকারি শেয়ার হোল্ডারদের সাথে দ্রুত একটি সভা করে বিস্তারিত পর্যালোচনান্তে প্রস্তাবিত প্রকল্প ২টি পুনঃনিরীক্ষা করবে। সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী কার্যক্রম চলমান আছে। | |

| ক্রঃ নং | প্রদত্ত প্রতিশ্রুতি ও প্রতিশ্রুতি প্রদানের সময় | গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০৮. | মুহরী প্রজেক্টে জেগে ওঠা ১৭,০০০ একর জমিতে শিল্প পার্ক স্থাপন<br><br>**(প্রতিশ্রুতি নং-৮)**<br>২৯/১২/২০১০ খ্রি. | ▪ উক্ত জমিতে বিসিক কর্তৃক শিল্প পার্ক স্থাপনের লক্ষ্যে বিসিক কে উক্ত জমি বরাদ্দ দেয়া হবে কি না সে বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনা জন্য চাওয়া হয়েছে এবং উক্ত কার্যালয় হতে যে নির্দেশনা প্রদান করা হবে সে অনুযায়ী পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে। | বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ এর কাজের অগ্রগতি বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের (বেজা) সাবেক মুখ্য সচিব জনাব মো/১৩আবুল কালাম আজাদ এর সভাপতিত্বে গত :০১তারিখের সভায় সিদ্ধান্ত গৃহিত হয় ২০১৬/ ,যে "মুহরী প্রজেক্টে জেগে ওঠা ১৭,০০০ একর জমি এবং পরবর্তীতে আরও জমি জেগে ওঠলে তা বেজা ছাড়া অন্য কাউকে বরাদ্দ দেওয়া যাবে না।"<br>‡ উপর্যুক্ত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে উক্ত জমিতে বিসিক কর্তৃক শিল্প পার্ক স্থাপনের লক্ষ্যে বিসিক কে উক্ত জমি বরাদ্দ দেয়া হবে কি না সে বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনা চেয়ে গত ২৩ ২০১৯-০৫-২৯ ও ২০১৯-০৪-তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ে পত্র প্রেরণ করা হয়। এ পরিপ্রেক্ষিতে প্রধানমন্ত্রীর কার্যালয় হতে ৩০-০৫- ,প্রতিনিধি মন্ত্রণালয়ের শিল্প সম্পর্কে অবস্থা বর্তমান জমির উক্ত মাধ্যমে পত্রের তারিখের ২০১৯বেজা র' -প্রশাসক জেলা সংশ্লিষ্ট এবং ১-পরিচালক কার্যালয়ের প্রধানমন্ত্রীর ,প্রতিনিধিকে যৌথভাবে সরেজমিনে পরিদর্শন করে ০৪ সপ্তাহে (চার)র মধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। সে অনুযায়ী শিল্প মন্ত্রণালয়ের প্রতিনিধি হিসেবে অতিরিক্ত সচিব করা কে মনোনয়ন প্রদান-(বিসিক) হয়।<br>‡ উক্ত কমিটি গত ২২/০৭/২০১৯ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রতিবেদন দাখিল করেছে। পরবর্তীতে ০৪/০৫/২০২১ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ে পুনরায় পত্র প্রেরণ করা হয়েছে। | বিসিক |
| ০৯. | বরগুনা বিসিক শিল্পনগরী স্থাপন<br><br>**(প্রতিশ্রুতি নং-৯)**<br>০৬/৫/২০১০ খ্রি. | প্রতিশ্রুতি অনুযায়ী বরগুনা জেলার সদর উপজেলার কোরক মৌজায় ১০.২০ একর জমির উপর প্রাথমিকভাবে ১১.১৬ কোটি টাকা ব্যয়ে 'বরগুনা বিসিক শিল্পনগরী' শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয় এবং "বিসিক শিল্প নগরী, বরগুনা (২য় সংশোধিত)" প্রকল্পটি গত ২০ জুন ২০১৯ তারিখে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়।<br><br>মেয়াদ : জুলাই ২০১১ হতে ডিসেম্বর ২০২০। | **<u>প্রকল্পের বর্তমান অবস্থা :</u>**<br>• মোট প্রকল্প ব্যয় ১৮০৮.০০ লক্ষ টাকা এবং ডিসেম্বর, ২০২১ ক্রমপুঞ্জিত ব্যয় ১৬১৬.৯৪ লক্ষ টাকা।<br>• প্রকল্পটি ডিসেম্বর ২০২০ এ সমাপ্ত হয়েছে।<br>• গত ২৪-০৮-২০২১ খ্রি. তারিখে দৈনিক বাংলাদেশ প্রতিদিন, দৈনিক ইত্তেফাক পত্রিকায় ও ফাইনান্সিয়াল এক্সপ্রেস পত্রিকায় এবং বিসিক ওয়েবসাইটে প্লট বরাদ্দের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। জানুয়ারি ২০২২ পর্যন্ত ২০টি প্লট বরাদ্দ দেওয়া হয়েছে। এবং বাকি প্লট গুলো বরাদ্দ প্রদানের জন্য শীঘ্রই পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদানের কার্যক্রম চলমান আছে।<br>**প্রকল্পটি সমাপ্ত হয়েছে।** | বিসিক |
| ১০. | ঠাকুরগাঁও জেলায় খাদ্য প্রক্রিয়াজাতকরণ অঞ্চল স্থাপন<br>**(প্রতিশ্রুতি নং-১০)**<br>২৯/০৩/২০১৮খ্রি | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি অনুযায়ী ঠাকুরগাঁও জেলায় খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্পাঞ্চল স্থাপনের লক্ষ্যে ৫০ একর বিশিষ্ট "বিসিক খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্পনগরী, ঠাকুরগাও" শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়।<br>**বাস্তবায়নের মেয়াদ**: জুলাই ২০২১ - জুন ২০২৪ | 'বিসিক খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্পনগরী, ঠাকুরগাঁও' শীর্ষক প্রকল্পটি ২৮-০৭-২০২১ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় [জুলাই ২০২১ - জুন ২০২৪] মেয়াদে ৯৮৬১.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে অনুমোদিত হয়। প্রশাসনিক অনুমোদন জারি হয়েছে। প্রকল্প পরিচালক নিয়োগ করা হয়েছে।<br>‡ মোট প্রকল্প ব্যয় ৯৮৬১.০০ লক্ষ টাকা। | বিসিক |

<u>**বাস্তবায়নাধীন নির্দেশনাসমূহ:**</u>

| ক্রঃ নং | প্রদত্ত নির্দেশনা | গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১. | ভবিষ্যতে আলাদাভাবে বিসিক শিল্পনগরী না করে দেশের প্রত্যেক বিশেষ অর্থনৈতিক জোনে বিসিক কর্তৃক প্লট কিনে শিল্পনগরী প্রতিষ্ঠা করতে হবে<br>**(নির্দেশনা নং-১)**<br>০৬/৯/২০১৬ খ্রি. | ‡ প্রতিশ্রুতি অনুযায়ী দেশের প্রত্যেক অর্থনৈতিক জোনে জায়গা বরাদ্দ নিয়ে বিসিক শিল্পনগরী প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।<br><br>**বাস্তবায়নের মেয়াদ :**<br>জুলাই ২০১৯ হতে ডিসেম্বর ২০২০ | ▪ ইতোমধ্যে জামালপুর অর্থনৈতিক অঞ্চল হতে ৫০ একর জমিতে শিল্পনগরী স্থাপনের নিমিত্ত 'জামালপুর বিসিক শিল্পনগরী সম্প্রসারণ' শীর্ষক প্রকল্পের মাধ্যমে জমি অধিগ্রহণের প্রকল্পটি সমাপ্ত হয়েছে।<br>▪ ভবিষ্যতেও বিসিকের বিভিন্ন এলাকায় নতুন শিল্প নগরী স্থাপনের ক্ষেত্রে বিশেষ অর্থনৈতিক জোনে প্লট কিনে শিল্পনগরী প্রতিষ্ঠা করা হবে।<br>▪ উল্লেখ্য যে সব এলাকায় বেজার কর্মকান্ড নেই বা বেজা থেকে জমি পাওয়া যাচ্ছে না সে সব এলাকায় ,বিসিকের শিল্প পার্ক স্থাপনের নিমিত্ত বেজা বাদে অন্যত্র জমি অধিগ্রহণে বেজার অনাপত্তি সংগ্রহ করা হচ্ছে।<br>▪ অধিকন্তু, বিসিক শিল্পনগরী/ পার্ক স্থাপন করার জন্য অধিকাংশ ক্ষেত্রে বেজার জায়গা না পাওয়া যাওয়ায় এই নির্দেশনাটি থেকে অব্যাহতির জন্য পত্রের মাধ্যমে অবহিত করেছে। | বিসিক |
| ০২. | ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাদের উৎসাহিত করে মধুপুর এলাকায় উৎপাদিত আনারসের জন্য খাদ্য প্রক্রিয়াজাত করণ শিল্প গড়ে তুলতে হবে<br><br>**(নির্দেশনা নং-২)**<br>১১/৫/২০১৬ খ্রি. | মধুপুর এলাকায় উৎপাদিত আনারসের জন্য খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্প গড়ে তোলার লক্ষ্যে বিসিক কর্তৃক মুক্তাগাছা শিল্পনগরী ময়মনসিংহ এ অধিগ্রহণকৃত ৫ একর জমির উপর ৭.৫০ কোটি টাকা ব্যয়ে "আনারসসহ কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ বিসিক শিল্পনগরী, মুক্তাগাছা, ময়মনসিংহ" শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়েছে।<br><br>**বাস্তবায়নের মেয়াদ :**<br>জুলাই ২০২১ হতে জুন ২০২৪ | ▪ ০৩-১০-২০১৯ তারিখে পিইসি কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্তানুসারে মধুপুর উপজেলায় মতবিনিময় সভার অনুষ্ঠিত হয়। মতবিনিময় সভার সুপারিশ অনুযায়ী বিসিকের নিজস্ব জায়গা মুক্তাগাছা, ময়মনসিংহের পরিবর্তে বিকল্প জায়গা হিসেবে মধুপুরেই জায়গা নির্বাচনের জন্য উদ্যোগ নেওয়া হয়।<br>▪ টাঙ্গাইল জেলার মধুপুর উপজেলার বেরিবাইদ মৌজায় 'বিসিক মধুপুর শিল্প পার্ক (আনারসসহ কৃষিপণ্য প্রক্রিয়াকরণ), টাঙ্গাইল ' স্থাপনের নিমিত্ত জেলা প্রশাসন, টাঙ্গাইল হতে ২১৪.০০ (দুইশত চৌদ্দ) একর জমি বরাদ্দের সম্মতিপত্র পাওয়া যায় যা বন বিভাগের মালিকানাধীন।<br>▪ বন বিভাগ থেকে উল্লিখিত জমিতে শিল্পপার্ক স্থাপনের সম্মতি পেতে বিলম্ব হওয়ায় ১৯/০১/২০২২ তারিখে জনাব কাজী সাখাওয়াত হোসেন, অতিরিক্ত সচিব (বিসিক, এসএমই ও বিটাক), শিল্প মন্ত্রণালয় শিল্পপার্ক স্থাপনের প্রস্তাবিত স্থান পরিদর্শন করেন।<br>▪ পরিদর্শনকালে উক্ত স্থানে সামাজিক বনায়ন, আনারসের বাগান এবং বাড়িঘর দেখা যায়।<br>▪ এ প্রেক্ষিতে শিল্পপার্ক স্থাপনের বিকল্প জায়গা হিসেবে মধুপুর উপজেলার গারোবাজার সংলগ্ন মহিষমারা মৌজায় ২০৫ একর জমি পরিদর্শন করেন।<br>▪ উল্লিখিত জমি বরাদ্দের সম্মতিপ্রদানসহ প্রয়োজনীয় তথ্যাদি প্রেরণের জন্য ৩০/০১/২০২২ তারিখে জেলা প্রশাসক, টাঙ্গাইল বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।<br>▪ নতুন জায়গার সম্মতি পাওয়া সাপেক্ষে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে। | বিসিক |
| ০৩. | নতুন শিল্প কারখানায় বর্জ্য শোধনাগার Central Effluent Treatment Plant (CETP) থাকতে হবে এবং পুরাতন কারখানায় মালিকদের ইটিপি তৈরিতে বাধ্য করতে হবে। প্রয়োজনে সরকারি | **বিসিআইসি :**<br>● বিসিআইসি'র সকল কারখানা স্থাপনা পরিকল্পনায় বর্জ্য শোধনাগার ও পরিবেশ আইন মেনে শিল্প কারখানা স্থাপনের পরিকল্পনা গ্রহণ করে আসছে।<br>● বিসিআইসি'র আওতাভুক্ত ১০টি শিল্প প্রতিষ্ঠানসমূহের ৫টি তে In-Built ETP বিদ্যমান। এছাড়া সংস্থাধীন বিআইএসএফ ও ইউজিএসএফ কারখানাগুলোতে তরল বর্জ্য না থাকায় ETP এর প্রয়োজন নেই।<br>● কেপিএম লিঃ-এ MOU এর আওতায় ও ছাতক | **বিসিআইসি :**<br>● শাহজালাল ফার্টিলাইজার কোং লিঃ, সিলেট - আধুনিক ইটিপি রয়েছে।<br>● যমুনা ফার্টিলাইজার কোঃ লিঃ, জামালপুর - আধুনিক ইটিপি রয়েছে।<br>● আশুগঞ্জ ফার্টিলাইজার এন্ড কেমিক্যাল কোঃ লিঃ, বি.বাড়ীয়া - আধুনিক ইটিপি রয়েছে।<br>● চিটাগাং ইউরিয়া ফার্টিলাইজার লিঃ, চট্টগ্রাম - আধুনিক ইটিপি রয়েছে।<br>● ডিএপি ফার্টিলাইজার কোঃ লিঃ, চট্টগ্রাম- In-Built System এ Effluent Treatment এর ব্যবস্থা রয়েছে।<br>● কর্ণফুলী পেপার মিলস্ লিঃ, রাঙ্গামাটি - বর্তমানে পরিবেশ দূষণকারী কোন তরল বর্জ্য নির্গত হয় না। কেপিএম এ | বিসিআইসি/ বিসিক/ বিএসএফআইসি<br><br>চলমান প্রক্রিয়া |

| ক্রঃ নং | প্রদত্ত নির্দেশনা | গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | কেন্দ্রীয় CETP তৈরি করে শিল্প মালিকদের সংশ্লিষ্ট ব্যয় ও ফি প্রদান করতে হবে<br><br>**(নির্দেশনা নং-৩)**<br>২৪/৮/২০১৪ খ্রি. | সিমেন্ট কোঃ লিঃ এ উন্নয়ন প্রকল্পের আওতায় ETP স্থাপনের পরিকল্পনা রয়েছে।<br><br>**বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন**<br><br>‡ বিএসএফআইসির আওতাধীন '১৪টি চিনিকলে বর্জ্য পরিশোধনাগার স্থাপনশীর্ষক ' প্রকল্পটি জিওবি অর্থায়নে ৮৫১০.৩১ লক্ষ টাকা।<br>‡ ২০২১-২২ অর্থবছরের ফেব্রুয়ারি ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক ব্যয় ৫০৫০.৮১ লক্ষ টাকা।<br><br>**মেয়াদ: জুলাই ২০১৮ হতে মার্চ ২০২২ পর্যন্ত।**<br><br>**বিসিক :**<br>▪ নতুনভাবে স্থাপিত শিল্পনগরীসমূহে শিল্প উদ্যোক্তাগণ কারখানার চাহিদা মোতাবেক নিজস্ব অর্থায়নে বরাদ্দকৃত প্লটে ইটিপি স্থাপন করবেন (প্রযোজ্য ক্ষেত্রে)। শিল্প কারখানার উদ্যোক্তাদের লে-আউট প্ল্যানে ইটিপি স্থাপনের প্রয়োজনীয় জায়গা রেখে লে-আউট প্ল্যান অনুমোদন দেয়ার জন্য আঞ্চলিক পরিচালকদের অবহিত করা হয়েছে।<br>▪ বিসিক শিল্পনগরীসমূহে স্থাপিত লাল ও কমলা শিল্প কারখানাসমূহে ইটিপি স্থাপন বাধ্যতামূলক। বিসিকের সকল জেলা কার্যালয় ও শিল্পনগরীর আওতাধীন লাল ও কমলা শিল্প কারখানাসমূহের ইটিপি স্থাপন বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কার্যালয়কে নির্দেশনা দেয়া হয়েছে। | জায়গায় নতুন কারখানা স্থাপনের লক্ষ্যে EOI আহবান করা হয়েছে এবং ০৩/১১/২০২১ তারিখে EOI closing করা হবে।<br>● ছাতক সিমেন্ট কোঃ লিঃ,সুনামগঞ্জ - তরল বর্জ্য না থাকায় ETP এর প্রয়োজন নেই।<br>● বাস্তবায়নাধীন জিপিইউএফপিএলসি, ঘোড়াশাল-আধুনিক ইটিপি অন্তর্ভূক্ত আছে। Excavation এবং piling এর কাজ সম্পন্ন হয়েছে। Foundation এর কাজ চলমান।<br>● বিআইএসএফএল, ঢাকা - তরল বর্জ্য না থাকায় ETP এর প্রয়োজন নেই।<br>● উসমানিয়া গ্লাস শীট ফ্যাক্টরী লিঃ, চট্টগ্রাম - তরল বর্জ্য না থাকায় ETP এর প্রয়োজন নেই।<br>● টিএসপি কমপ্লেক্স লিঃ, চট্টগ্রাম – কারখানা হতে নির্গত তরল বর্জ্য কারখানায় চালু Effluent treatment pit এর মাধ্যমে Neutralization করা হচ্ছে।<br>**বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন:**<br>● ১৬-০২-২০২০ তারিখে ১৪টি চিনিকলে ইটিপি স্থাপনে মূল কাজের চুক্তি সম্পাদন করা হয়।<br>● প্রকল্পের আওতায় ১৪টি চিনিকলের মধ্যে পঞ্চগড়, ঠাকুরগাঁও, সেতাবসঞ্জ, জয়পুরহাট, রংপুর, জিলবাংলা, নর্থবেঙ্গল, কেরু অ্যান্ড কোং (বিডি) লি. ও মোবারকগঞ্জ চিনিকলের অর্থাৎ ৯টি চিনিকলের ইটিপি নির্মাণ কাজ এবং প্লান্ট-মেশিনারিজ স্থাপন কাজ ৯৮% সম্পন্ন হয়েছে। প্রকল্পের স্টিয়ারিং কমিটির ২২-০৩-২০২১ তারিখে অনুষ্ঠিত ৫ম সভার সিদ্ধান্তের আলোকে ৫টি ইটিপি প্ল্যান্টের স্থাপনার কার্যক্রম (শ্যামপুর, কুষ্টিয়া, পাবনা, ফরিদপুর ও রাজশাহী চিনিকল) চুক্তির আলোকে যে অবস্থায় আছে সেই অবস্থায় ঠিকাদারকে Terminate করা হয়েছে।<br>● সরকার কর্তৃক ২০২০-২১ মাড়াই মৌসুমে স্থগিতকৃত ৬টি মিলের মধ্যে ইটিপি নির্মাণের কাজ শেষ হলেও পঞ্চগড়, সেতাবসঞ্জ ও রংপুর চিনিকলের Trial Run করা সম্ভব হবে না। বাকি (ঠাকুরগাঁও, জয়পুরহাট, জিলবাংলা, নর্থবেঙ্গল, কেরু অ্যান্ড কোং(বিডি) , মোবারকগঞ্জ) চিনিকলের ইটিপিগুলো বৈদ্যুতিক সংযোগের জন্য ডিপিপি ' তে অর্থের সংস্থান না থাকায় ২০২১-২২ আখ মাড়াই মৌসুমে চিনিকলগুলোতে Trial Run করার সম্ভব হয়নি। তবে জিলবাংলা চিনিকলের ইটিপি'র Trial Run চলতি আখ মাড়াই মৌসুমে সম্পন্ন করা হয়েছে।<br>➢ পরিকল্পনা কমিশনকর্তৃক ২২-১২-২০২১ তারিখে পিইসি সভা এবং ১১-০১-২০২২ তারিখে অনুষ্ঠিত প্রকল্পের স্টিয়ারিং কমিটির ৭ম সভার সিদ্ধান্ত অনুযায়ী উক্ত ডিপিপি'র ১ম সংশোধনী পুনর্গঠন করা হয়েছে।<br>➢ ২০২১-২২ অর্থবছরের ফেব্রুয়ারি ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক ব্যয় ৫০৫০.৮১ লক্ষ টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ৫৯.৩৫% ও ভৌত অগ্রগতি ৮০% (৫টি মিলের কাজ Terminate হওয়ায়)।<br><br>**বিসিক :**<br>▪ বিসিকের ৭৯ টি শিল্পনগরীমূহে স্থাপনযোগ্য শিল্প প্রতিষ্ঠানগুলোর মধ্যে তরল বর্জ্য নির্গমণকারী শিল্প ইউনিটের তথ্য:<br>▪ তরল বর্জ্য নির্গমণকারী শিল্প ইউনিটের সংখ্যা-২০০ টি, ইটিপি স্থাপন করা হয়েছে ১৩৪ টি, চালু আছে ১২৮ টি, বন্ধ আছে -০৬ টি, ইটিপি নির্মাণাধীন- ১৪ টি<br>▪ অবশিষ্ট ৫২ টি ইটিপি স্থাপনের বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহণের নিমিত্ত সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়কে বন্ধ ইটিপি চালু, ইটিপি স্থাপনযোগ্য শিল্প প্রতিষ্ঠানে ইটিপি স্থাপন কার্যক্রম ত্বরান্বিত করা ও নির্মাণাধীন ইটিপির নির্মাণ কাজ দ্রুত | |

| ক্রঃ নং | প্রদত্ত নির্দেশনা | গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | | সমাপ্ত করার নির্দেশনা দেয়া হয়েছে।<br>▪ মালিকানা হস্তান্তর এবং নতুন শিল্প প্লট বরাদ্দের মাধ্যমে স্থাপিত কারখানাগুলো ইটিপি স্থাপনযোগ্য হলে নিজ উদ্যোগ ও খরচে ইটিপি স্থাপনের শর্তে অনুমোদন দেয়া হয়।<br>▪ যেসকল শিল্প প্রতিষ্ঠান ইটিপি স্থাপন করেনি এবং যেসকল শিল্প ইটিপি বন্ধ রেখে পরিবেশ দূষণ করছে সেসকল শিল্প প্রতিষ্ঠানের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তরকে অনুরোধ জানানো হয়েছে। | |
| ০৪. | নগরায়নে মাস্টার প্ল্যানের মাধ্যমে জেলা উপজেলায় শিল্প স্থাপনের উপযোগী স্থান নির্ধারণ, শিল্প বর্জ্য নিষ্ক্রান্তের পরিকল্পনা এবং কাঁচামালের সহজলভ্যতা ও ব্যাপক কর্মসংস্থানের বিষয় বিবেচনা রেখে শিল্প গড়ে তুলতে হবে<br>**(নির্দেশনা নং-৪)**<br>২৪/৮/২০১৪খ্রি. | নগরায়নের মাস্টার প্ল্যানে শিল্প স্থাপনের উপযোগী এলাকা চিহ্নিতকরণের লক্ষ্যে বাংলাদেশের ৬৪ টি জেলার জেলা প্রশাসক বরাবরে বিসিক চেয়ারম্যান এর স্বাক্ষরে টিওআরসহ পত্র দেয়া হয়েছে। উক্ত পত্রের প্রেক্ষিতে ১০টি জেলা (গাজীপুর, বান্দরবান, সুনামগঞ্জ, কুমিল্লা, কুড়িগ্রাম জেলার রাজারহাট উপজেলা, পঞ্চগড়, নাটোর, চুয়াডাঙ্গা, দিনাজপুর, পাবনা) হতে প্রাপ্ত প্রস্তাবের মধ্যে পর্যায়ক্রমে স্বল্প, মধ্য এবং দীর্ঘমেয়াদে প্রকল্প গ্রহণের মাধ্যমে শিল্পনগরী স্থাপনের পরিকল্পনা নেয়া হয়েছে। | ▪ সরকারের রূপকল্প ২০৪১ বাস্তবায়নে বিসিকের রূপকল্প এবং লক্ষ্যকে সরকারের উন্নয়ন পরিকল্পনাসমূহের সাথে সমান্তরালে রেখে মৌলিক, যুগোপযোগী, বাস্তবসম্মত এবং ফলপ্রসূ ১৩ (তেরো) টি ফ্ল্যাগশিপ কর্মসূচিসহ একটি মহাপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।<br>▪ ফ্ল্যাগশিপ কর্মসূচির মধ্যে অন্যতম কর্মসূচি হলো-**'**সারাদেশব্যাপী ১০০ টি আধুনিক সুবিধা সম্বলিত ও পরিবেশবান্ধব শিল্প পার্ক স্থাপন**'।**<br>▪ এ কর্মসূচির আওতায় ২০৪১ সালের মধ্যে ৪০,০০০ (চল্লিশ হাজার) একর জমিতে ১০০ টি শিল্প পার্ক নির্মাণের মাধ্যমে ২ কোটি লোকের কর্মসংস্থান সৃষ্টি করা হবে।<br>▪ ১০০ টি প্রকল্পের মধ্যে ২০২১-২২ অর্থবছরের আরএডিপিতে ০৬ টি প্রকল্প অন্তর্ভুক্ত হয়েছে এবং ২০২২-২৩ অর্থবছরের এডিপিতে ১৬ টি প্রকল্প প্রস্তাব করা হয়েছে।<br>▪ যার মধ্যে, ০১ টি প্রকল্প (বিসিক খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্পনগরী, ঠাকুরগাঁও) ২৮-০৭-২০২১ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয়। | সকল দপ্তর/সংস্থা |
| ০৫. | শিল্প কারখানায় গ্যাস সরবরাহের বিষয়টি অগ্রাধিকার দিতে হবে। আধুনিক প্রযুক্তি ও জ্বালানি সাশ্রয়ী সার কারখানা নির্মাণ করতে হবে। পলাশ ও ঘোড়াশাল সার কারখানায় পুরাতন যন্ত্রপাতি পরিবর্তন করে নতুন যন্ত্রপাতি স্থাপন করতে হবে<br><br>**(নির্দেশনা নং-৫)**<br>২৪/৮/২০১৪খ্রি. | ‡ পরিবেশ সম্মত, আধুনিক প্রযুক্তি ও জ্বালানি সাশ্রয়ী সার উৎপাদনের লক্ষ্যে ১০,৪৬০.৯১ কোটি টাকা ব্যয়ে বার্ষিক ৯,২৪০০০ মে.টন উৎপাদন ক্ষমতাসম্পন্ন "ঘোড়াশাল পলাশ ইউরিয়া ফার্টিলাইজার প্রকল্প" শীর্ষক একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে এবং গত ০৯-১০-২০১৮খ্রি. তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়েছে।<br>• গত ২৪/১০/২০১৮ তারিখে Mitsubishi Heavy Industries (MHI), জাপান এবং China National Chemical Construction Co. Ltd.7 (CC7) এর সাথে প্রকল্পের বাণিজ্যিক চুক্তি স্বাক্ষরিত হয়েছে।<br>•গত ২১/১১/২০১৯খ্রি. তারিখে প্রকল্পের জন্য বাণিজ্যিক ঋণ গ্রহনের নিমিত্তে বিসিআইসি ও JBIC এবং বিসিআইসি ও MUFG–HSBC এর মধ্যে ০২ (দুই) টি Loan Agreement স্বাক্ষরিত হয়েছে।<br>• উক্ত স্বাক্ষরিত ঋণ দু'টির বিপরীতে ঋণদাতা প্রতিষ্ঠান সমুহের অনুকুলে গত ০১/০১/২০২০ তারিখে অর্থ বিভাগ, | • Concrete Batching Plant Works - ১০০% সম্পন্ন হয়েছে।<br>• Precast Piling installation - ১০০% সম্পন্ন হয়েছে।<br>• Casting - ৫৩.৩৫% শেষ হয়েছে।<br>• Under Ground Pipe Fabrication- ৯৬.১১% সম্পন্ন হয়েছে।<br>• Under Ground Pipe Erection - ২৯.৩৪% শেষ হয়েছে।<br>• Above Ground Pipe Fabrication- ১০০% সম্পন্ন হয়েছে।<br>• Above Ground Pipe Erection - ৪৭.৮১% শেষ হয়েছে।<br>• Equipment Installation- ৪৬.৩৬% শেষ হয়েছে।<br>• প্রকল্পের বিভিন্ন মালামাল (যন্ত্রপাতি ও যন্ত্রাংশ) প্রকল্প এলাকায় ধারাবাহিক ভাবে আসছে।<br>• প্রকল্পের বিভিন্ন Critical Equipment যেমন Compressor ও Turbine এর Mechanical Running Test সমূহ এবং বিভিন্ন Equipment এর Hydrostatic Test সমূহের Remote inspection চলছে।<br>• Steel Structure Erection (২৯.২৮% সম্পন্ন), Motor Installation (৯.৪৯% সম্পন্ন), Transformer Installation (২৫% সম্পন্ন), Earthing Cable Installation (৪৫.৫২% সম্পন্ন) সহ সংশ্লিষ্ট বিভিন্ন কার্যক্রম চলমান রয়েছে।<br><br>**বরাদ্দ:** ১০৪৬০৯১.০০ লক্ষ টাকা (জিওবি: ১৮৪৪১৯.০০ লক্ষ টাকা<br>**বৈদেশিক ঋণ:** ৮৬১৬৭২.০০ লক্ষ টাকা) | শিল্প মন্ত্রণালয়/ বিসিআইসি।<br><br>বাস্তবায়নাধীন |

| ক্রঃ নং | প্রদত্ত নির্দেশনা | গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | অর্থ মন্ত্রণালয় Sovereign Guarantee প্রদান করেছে।<br>• **মেয়াদ** : অক্টোবর ২০১৮ থেকে জুন ২০২২ পর্যন্ত | **ব্যয়:** ৭৩৫৪২৩.৫৭ লক্ষ টাকা (জিওবি: ৬০৬৩৫.৬৪ লক্ষ টাকা **বৈদেশিক ঋণ:** ৬৭৪৭৮৭.৯৩ লক্ষ টাকা)<br>**১৩ মার্চ, ২০২২ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতিঃ**<br>**আর্থিক অগ্রগতি:** ৭৩৫৪২৩.৫৭ লক্ষ টাকা (৭০.৩০%), **বাস্তব অগ্রগতি:** ৫৮.১৩% | |
| ০৬. | বিসিক শিল্পনগরীতে যারা জমি বরাদ্দ নিয়ে শিল্প স্থাপন করছে না তাদের বরাদ্দ বাতিল করে নতুন উদ্যোক্তাদের বরাদ্দ দিতে হবে এবং শিল্প নগরী উন্নয়নকল্পে পর্যাপ্ত বাজেট সংস্থান রাখতে হবে।<br>**(নির্দেশনা নং-৬)**<br>২৪/৮/২০১৪খ্রি. | বিসিক শিল্পনগরীতে যারা জমি বরাদ্দ নিয়ে শিল্প স্থাপন করছে না তাদের বরাদ্দ বাতিল করে পুন:বরাদ্দযোগ্য শিল্প প্লটের তালিকা নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। নতুনভাবে বরাদ্দ দেয়ার লক্ষ্যে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।<br>‡ শিল্পনগরীর উন্নয়নকল্পে পর্যাপ্ত বাজেট বরাদ্দের ব্যবস্থা গ্রহণে উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। | ▪ ২৮-০৮-২০২১ তারিখে দৈনিক বাংলাদেশ প্রতিদিন ও দৈনিক ইত্তেফাক পত্রিকায়, ৯১৩টি প্লটের জন্য বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে।<br>▪ ২০২১-২০২২ অর্থবছরের জানুয়ারি পর্যন্ত ৮৪ টি প্লট বরাদ্দ দেয়া হয়েছে। | বিসিক |
| ০৭. | দক্ষ জনবল তৈরির লক্ষ্যে যুগোপযোগী প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে, প্রশিক্ষণ কেন্দ্রগুলো রাজধানী কেন্দ্রিক না করে বিকেন্দ্রীকরণ করা, প্রতি বিভাগে ১টি করে ৭টি বিভাগে বিটাকের মহিলা হোস্টেলসহ ৭টি প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ করতে হবে<br>**(নির্দেশনা নং-৭)**<br>২৪/৮/২০১৪খ্রি. | **বিটাক**<br>বিটাক আমদানি বিকল্প যন্ত্রাংশ তৈরি ও কারিগরি পরামর্শের পাশাপাশি ঢাকা কেন্দ্রসহ বিটাকের মোট ৫টি কেন্দ্রে কারিগরি প্রশিক্ষণ পরিচালিত হয়ে আসছে। ,বিটাক চট্টগ্রাম" শীর্ষক প্রকল্পটি "খুলনা ও বগুড়া কেন্দ্রে নারী হোস্টেল স্থাপন ১৭ তারিখে অনুমোদিত হয়। ২০১৮/০৭/প্রকল্পটির আওতায় ৫ তলা ভিতসহ লিফটবিহীনভাবে ৫ তলা নির্মাণের পরিবর্তে ১০ তলা ভিত ও লিফটসহ ১০ তলা ভবন নির্মাণের লক্ষ্যে সংশোধন করা হয় এবং ১ম সংশোধন প্রস্তাব গত ২৫ এপ্রিল ২০১৯ তারিখে অনুমোদিত হয়েছে।<br>• মোট প্রকল্প ব্যয় ৭৪৫৯.৭৮ লক্ষ টাকা।<br>**মেয়াদ:**জুলাই ২০১৮ হতে জুন ২০২২। | **বিটাক :**<br>**(ক)** বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক )কর্তৃক বাস্তবায়নাধীন "বিটাক চট্রগ্রাম, খুলনা ও বগুড়া কেন্দ্রের নারী হোস্টেল স্থাপন " (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পটি জুলাই ২০১৮ শুরু হয়েছে। প্রকল্পটির সমাপ্তির জন্য নির্ধারিত সময় জুন ২০২২।<br>২০২১-২০২২ অর্থ বছরে ফেব্রুয়ারী, ২০২২ পর্যন্ত সময়ে ক্রমপুঞ্জিত অগ্রগতি আর্থিক ৬২.৯০% ও ভৌত ৮০.০১%।<br>**(খ) নতুন প্রকল্পের অগ্রগতিঃ**<br>মাননীয় প্রধানমন্ত্রী গত ২৪-৮-২০১৪ তারিখে শিল্প মন্ত্রনালয় পরিদর্নকালে বিটাকের প্রতিটি কেন্দ্রে নারী হোস্টেলসহ প্রতিটি বিভাগে একটি করে প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের জন্য নির্দেশনা প্রদান করেন। উক্ত নির্দেশনার প্রেক্ষিতে "বিটাক চট্রগ্রাম, খুলনা ও বগুড়া কেন্দ্রের নারী হোস্টেল স্থাপন " (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পটি জুলাই ২০১৮ শুরু হয়েছে এবং জুন, ২০২২ তারিখ সমাপ্ত হবে। এছাড়া, বিটাক কর্তৃক বাস্তবায়নাধীন "গোপালগঞ্জ, সুনামগঞ্জ, বরিশাল, রংপুর, জামালপুর ও যশোর জেলায় বিটাকের কেন্দ্র স্থাপন" শীর্ষক প্রকল্পটি মোট ১১৩২৬১.০৫ লক্ষ টাকা ব্যয়ে জানুয়ারি, ২০২২ হতে সেপ্টেম্বর, ২০২৫ মেয়াদে গত ২৫-০১-২০২২ তারিখে একনেক সভায় অনুমোদন লাভ করে।<br>এছাড়াও মিরসরাইতে বঙ্গবন্ধু শিল্প পার্কে ৪র্থ শিল্প বিপ্লব উপযোগী একটি অত্যাধুনিক বিটাকের কেন্দ্র প্রতিষ্ঠার জন্য ইতোমধ্যেই বেজার নিকট থেকে ১০ একর জমি বরাদ্দের প্রতিশ্রুতি পাওয়া যায়। বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পার্কে ১০ একর জমির লীজ বরাদ্দ প্রাপ্তির লক্ষ্যে ২৫% Signing Money বাবদ ৪,২৯,৭২,৫৫২.০০ (চার কোটি উনত্রিশ লক্ষ বাহাত্তর হাজার) টাকা পে অর্ডারের মাধ্যমে গত ১৩-০৯-২০২১ তারিখে প্রেরণ করা হয়েছে। গত ২১ ডিসেম্বর ২০২১ তারিখে বেজা ও বিটাকের মধ্যে ১০ একর জমির 'Land Lease Agreement' স্বাক্ষরিত হয়েছে। প্রকল্পটির অনুকূলে সম্ভাব্য মেশিন ও ইক্যুইপমেন্ট এর তালিকা প্রস্তুত এবং প্রকল্পের ডিপিপি প্রণয়নের কাজ চলমান রয়েছে। | বিটাক/বিআইএম |

| ক্রঃ নং | প্রদত্ত নির্দেশনা | গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | **বিআইএম**<br><br>ঢাকাস্থ বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম) কে শক্তিশালীকরণ' প্রকল্প গ্রহণ করা হয়েছে। মোট প্রকল্প ব্যয় ১৪৭৮৬.০৭ লক্ষ টাকা<br><br>**বাস্তবায়ন মেয়াদ** : এপ্রিল ২০১৮ হতে জুন ২০২২ পর্যন্ত। | **বিআইএম :**<br>**বিআইএম-কে শক্তিশালীকরণ প্রকল্পঃ**<br>● প্রকল্পের মেয়াদঃ ০৩ (তিন) বছর (এপ্রিল/২০১৮ – জুন/২০২১)<br>● ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ০১ বছর (জুন/২০২২ পর্যন্ত) মেয়াদ বৃদ্ধি করা হয়েছে।<br>● বিআইএম ঢাকা ক্যাম্পাসে ১২তলা ভবনের মধ্যে ৯তলা পর্যন্ত ছাঁদ ঢালাই সম্পন্ন হয়েছে।<br>● ভৌত অবকাঠামো: ৩২% আর্থিক: ২৫.৬০%।<br>● প্রকল্পের মোট বরাদ্দঃ ১৪৭৮৬.০৭ লক্ষ টাকা। এ যাবৎ ব্যয়ঃ ৩,৭৮৫.৮৮ লক্ষ টাকা। | |
| ০৮. | রাষ্ট্রায়ত্ব শিল্প প্রতিষ্ঠানের অব্যবহৃত জমি বন্ধ ও বন্ধ প্রায় শিল্প প্রতিষ্ঠানের জমি দেশি বিদেশী বিনিয়োগের জন্য উপযোগী করে বিনিয়োগের নিমিত্ত শিল্প পার্ক তৈরি করতে হবে **(নির্দেশনা নং-৮)** ২৪/৮/২০১৪ খ্রি. | **১। কর্ণফুলী পেপার মিলস লি. (কেপিএমএল):**<br>● কেপিএমলিঃ কারখানার জায়গায় একটি নতুন ইন্ট্রিগেটেড পেপার মিল স্থাপনের লক্ষ্যে "M/S China National Machinery Imp. & Exp. Corporation (CMC), China" এর সাথে গত ০২/০৪/২০১৯ তারিখে MoU স্বাক্ষরিত হয়। এরই ধারাবাহিকতায় মেসার্স CMC, China আর্থকারিগরি সমীক্ষা সম্পন্ন করত: বার্ষিক ১,০০,০০০ মে.টন ধারণ ক্ষমতা সম্পন্ন একটি পেপার মিল স্থাপনের বিষয়ে আগ্রহ প্রকাশ করেছে।<br><br>**২। চিটাগাং কেমিক্যাল কমপ্লেক্স লি. (সিসিসি)**<br><br>‡চিটাগাং কেমিক্যাল কমপ্লেক্স লি. (সিসিসি) প্রাঙ্গনে বিসিআইসি'র মালিকানায় 'বাংলাদেশ গ্লাস ফ্যাক্টরি স্থাপন ' নামে সম্পূর্ণ নতুন একটি প্রকল্প গ্রহণের উদ্যোগ নেয়া হয়েছে।<br><br>‡ প্রকল্পের বাস্তবায়ন কাল: জানুয়ারি, ২০১৯ খ্রি. থেকে জুন, ২০২২ খ্রি. পর্যন্ত। | **১। কর্ণফুলি পেপার মিলস লি.(কেপিএম):**<br><br>● কর্ণফুলী পেপার মিলস লি. (কেপিএমএল) এর জায়গায় একটি নতুন ইন্ট্রিগেটেড পেপার মিল স্থাপনের লক্ষ্যে "M/S China National Machinery Imp. & Exp. Corporation (CMC), China" এর সাথে গত ০২/০৪/২০১৯ তারিখে MoU স্বাক্ষরিত হয়।<br>● পরবর্তীতে MoU এর মেয়াদ দুই দফায় ০২-১০-২০২১ তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়। MoU এর মেয়াদ পুনরায় বৃদ্ধির জন্য CMC, China গত ০৫-১০-২০২১ তারিখ পত্র প্রেরণ করলেও বিসিআইসি বিভিন্ন সঙ্গত কারণে MoU এর মেয়াদ বৃদ্ধি করা হয়নি।<br>● বিসিআইসি-তে Long life শিল্প কারখানা স্থাপন করা একান্ত প্রয়োজন। স্বল্প সময়ের মধ্যে যান্ত্রিক ত্রুটি/সমস্যা সম্বলিত কারখানা বিসিআইসি-এর জন্য viable নয় যা আর্থিক ক্ষতির কারণ হয়ে দাঁড়ায়। বিসিআইসি-তে China Technology দীর্ঘদিন যাবৎ সহায়ক ভূমিকা রাখতে পারছে না। এ অবস্থায় বিষয়টি বিবেচনায় রেখে CMC,China এর সাথে MoU এর মেয়াদ আর বৃদ্ধি করা হয়নি।<br>● বিসিআইসি'র নিজস্ব অর্থায়নে অথবা দেশী/বিদেশী উদ্যোক্তার সাথে Joint Venture-এ ক্লাস্টারভিত্তিক Plant স্থাপনের নিমিত্ত পেশাদার উপযুক্ত পরামর্শক প্রতিষ্ঠানের মাধ্যমে কারিগরি ও আর্থিক সম্ভাব্যতা যাচাই এর জন্য Consulting Firm নিয়োগের লক্ষ্যে EOI (Expression of Interest) আহবান করে ৬টি প্রস্তাব পাওয়া যায়। তম্মধ্যে ৪টি প্রতিষ্ঠানকে Short list করা হয়। বর্তমানে RFP Document প্রণয়ন করে গত ০২-০১-২০২২ তারিখে Short Listed প্রতিষ্ঠানসমূহকে RFP Document প্রদান করা হয়েছে। গত ১৬-০২-২০২২ তারিখে নির্বাচিত ৪টি প্রতিষ্ঠানের মধ্যে ৩টি প্রতিষ্ঠান হতে আরএফপি সংক্রান্ত প্রস্তাবনা পাওয়া যায় এবং বর্তমানে মূল্যায়নের কার্যক্রম চলমান রয়েছে।<br>**২। চিটাগাং কেমিক্যাল কমপ্লেক্স লি. (সিসিসি) :**<br><br>সিসিসি প্রাঙ্গণে একটি নতুন ক্লোর-অ্যালকালি এবং ক্লোরিন সম্পর্কিত বেসিক কেমিক্যাল, কম্পাউন্ড (পিভিসি) প্লান্ট স্থাপনের লক্ষ্যে পেশাদার উপযুক্ত পরামর্শক প্রতিষ্ঠানের মাধ্যমে আর্থ-কারিগরি সম্ভাব্যতা সমীক্ষা সম্পাদনের নিমিত্ত EOI (Expression of Interest) নোটিশ ২২-০৩-২০২১ তারিখে পত্রিকায় প্রকাশিত হয়। এরই ধারাবাহিকতায় উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদনক্রমে PEC (Proposal Evalution Committee) কর্তৃক সুপারিশকৃত Short Listed ০৭ (সাত)টি প্রতিষ্ঠানকে RFP Document প্রদান করা হয়েছে এবং গত ০৮-০৩-২০২২ তারিখে ১টি প্রতিষ্ঠান থেকে | সকল দপ্তর/ সংস্থা |

| ক্রঃ নং | প্রদত্ত নির্দেশনা | গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | **৩। ছাতক সিমেন্ট কোম্পানী লি: (সিসিসিএল) .**<br><br>সৌদি আরবের Engineering Dimensions (ED) কর্তৃক ছাতক সিমেন্ট কোম্পানি লি.(সিসিসিএল) এর জায়গায় একটি সিমেন্ট-ক্লিংকার ফ্যাক্টরি স্থাপনের লক্ষ্যে গত ১৭/১০/২০১৮ তারিখে ED এর সাথে MoU স্বাক্ষরিত হয় এবং এরই ধারাবাহিকতায় গত ২০/১২/২০১৮ তারিখে ED এর সাথে Strategic Partnership Agreement স্বাক্ষরিত হয়। | আরএফপি-এর প্রস্তাব জমা পড়েছে।<br><br>**৩। ছাতক সিমেন্ট কোম্পানি লি. (সিসিসিএল) :**<br>সৌদি আরবের Engineering Dimensions (ED) কর্তৃক ছাতক সিমেন্ট কোম্পানি লি. (সিসিসিএল) এর জায়গায় একটি সিমেন্ট-ক্লিংকার ফ্যাক্টরি স্থাপনের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে গত ১৭-১০-২০১৮ তারিখে ED এর সাথে MoU স্বাক্ষরিত হয় এবং এরই ধারাবাহিকতায় গত ২০-১২-২০১৮ তারিখে ED এর সাথে Strategic Partnership Agreement স্বাক্ষরিত হয়।<br>Engineering Dimension International Investment LLC (EDII) এর সাথে গত ২৯-০৬-২০২০ তারিখে জয়েন্ট ভেঞ্চার এগ্রিমেন্ট স্বাক্ষরিত হয়। জয়েন্ট ভেঞ্চার কোম্পানির কাজ এগিয়ে নেয়ার নিমিত্ত ০২(দুই)টি কমিটি গঠন করা হয়েছে; (১) Land Demarcation Committee এবং (২) প্রোগ্রেস মনিটরিং কমিটি। EDII সংক্রান্ত কোম্পানি গঠন গত ২৮-০৬-২০২১ তারিখে সম্পন্ন হয়েছে। কোম্পানির নাম Saudi Bangla Integrated Cement Company Limited (SBICCL) গত ১৮-১১-২০২১ তারিখে Long Belt Conveyer(LBC) স্থাপণের কার্যক্রম গ্রহণের নিমিত্ত SBICCL কে NOC প্রদান করা হয়।<br>LBC স্থাপনের কার্যক্রম শুরু করার নিমিত্ত Ropeway Corridor এর ৪০ ফুট প্রশস্ত জায়গার ২০ ফুট SBICCL এর জন্য Demarcation গত ১৭-১২-২০২১ তারিখে সম্পন্ন হয়েছে। বর্তমানে SBICCL এর মূল কারখানার জন্য Land Demarcation কার্যক্রম চলমান রয়েছে। | |
| | | **৪। ঢাকা লেদার কো. লি (ডিএলসিএল):**<br>‡ ঢাকা লেদার কো. লি. এর জায়গাটি বিসিআইসি'র নামে নিবন্ধিত নয় বলে পিপিপি মডেলে/যৌথ উদ্যোগে নতুন কারখানা স্থাপনের বিষয়ে উদ্যোক্তারা অনাগ্রহ প্রকাশ করে। এরই ধারাবাহিকতায় শিল্প মন্ত্রণালয় থেকে জেলা প্রশাসক, ঢাকা বরাবর প্রেরিত ০৪-১০-২০১৮ তারিখের পত্রে উল্লিখিত জমি ডিএলসিএল এর অনুকূলে হস্তান্তরের বিষয়ে তাগাদা প্রদান করা হয়েছে। উক্ত জমিতে একটি আধুনিক লেদার ইন্সটিটিউট স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়। | **৪। ঢাকা লেদার কো. লি (ডিএলসিএল):**<br>ঢাকা লেদার কো. লি. (ডিএলসিএল) এর জায়গাটি বিসিআইসি এর নামে নিবন্ধিত নয়। এ প্রেক্ষাপটে, সংস্থার নিজস্ব নিয়ন্ত্রণে নেয়ার প্রক্রিয়া চালু রয়েছে। পাশাপাশি, উক্ত প্রাঙ্গণে যৌথ উদ্যোগে নতুন কোন লাভজনক শিল্প প্রতিষ্ঠান (বেসিক কেমিক্যাল/ এপিআই/এআরসি ব্লক সুবিধাজনক) কারখানা গড়ে তোলা যায় কিনা সে বিষয়ে সামগ্রিকভাবে তথ্যাদি সংগ্রহ করে পর্যালোচনা করা হচ্ছে।<br>গত ১৪-১০-২০২১ তারিখে অনুষ্ঠিত ১৬৩ তম ডিএলসিএল-এর কোম্পানী বোর্ড সভায় সিদ্ধান্ত হয় যে, বিসিআইসি এর কারখানাসমূহে বিপুল সংখ্যক ব্যাগের চাহিদা বিবেচনায় ডিএলসিএল এর ১৮ একর জায়গায় একটি Woven PolyPropylene bags (WPP) ব্যাগের কারখানা স্থাপনের সম্ভাব্যতা যাচাইয়ের জন্য কার্যক্রম হাতে নিয়েছে। | |
| | | **৫। নর্থ বেংগল পেপার মিলস্ লি.(এনবিপিএম):**<br><br>মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের নিরাপত্তা বাহিনীর জন্য ফোর্স বেইস স্থাপনের লক্ষ্যে ঈশ্বরদী উপজেলা, পাবনা রেললাইনের উত্তর পার্শ্বে অবস্থিত নর্থ বেঙ্গল পেপার মিলস্ লি. এর ১০০.৫১ একর জমি বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অনুকূলে হস্তান্তরের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। | **৫। নর্থ বেংগল পেপার মিলস্ লি.(এনবিপিএম):**<br><br>মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক রূপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্রের নিরাপত্তা ও ভৌত সুরক্ষা নিশ্চিতকরণের জন্য নর্থ বেঙ্গল পেপার মিলস লিঃ এর ১০০.৫১ একর জমি বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অনুকূলে হস্তান্তর করার কারণে নর্থ বেঙ্গল পেপার মিলস্ লি. এ কোন ব্যবহৃত জমি না থাকায় ইতোপূর্বে প্রস্তাবিত প্রি-ফেব্রিকেটেড বাফার গোডাউন নির্মাণ কার্যক্রম স্থগিত করা হয়েছে। ফলশ্রুতিতে উক্ত স্থানে নর্থ বেঙ্গল পেপার মিলস্ লি. চালু করা/নতুন কোন প্রকল্প গ্রহণ করার সুযোগ নেই।<br>**৬। উজালা ম্যাচ ফ্যাক্টরী লি. :**<br><br>• মোট ৫৪টি গুদামের মধ্যে ৪৭ টি গুদামের কাজ চলমান রয়েছে। কাজ চলমান ৪৭টি গুদাম এর মধ্যে ৩৩ টি গুদামের Finishing work এর কাজ চলছে। বাকী ১৪ টি গুদামের মধ্যে ৬ টি গুদাম এর Slab Casting সম্পন্ন হয়েছে ও ৮ টি গুদামের কলাম ঢালাই এর কাজ চলমান রয়েছে।<br>• ওভারহেড ওয়াটার ট্যাংক (এক লক্ষ গ্যালন): ওভারহেড ওয়াটার ট্যাংকের Dome এর কাষ্টিং সম্পন্ন হওয়ার পর Vertical Wall এর ১৭ ফুট পর্যন্ত কাষ্টিং সম্পন্ন হয়েছে। | |

| ক্রঃ নং | প্রদত্ত নির্দেশনা | গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | **৬। উজালা ম্যাচ ফ্যাক্টরী লি. :**<br><br>•পুরোনো ঢাকায় ছড়িয়ে ছিটিয়ে থাকা রাসায়নিক কারখানা ও গুদামসমূহ একটি নিরাপদ জায়গায় দ্রুততম সময়ে স্থানান্তরের লক্ষ্যে উজালা ম্যাচ ফ্যাক্টরি লি. এর ৬.১৭ একর জমিতে 'অস্থায়ী ভিত্তিতে রাসায়নিক দ্রব্য সংরক্ষণের জন্য গুদাম নির্মাণনামে প্রকল্প নেয়া হয়েছে। '<br>‡ উক্ত প্রকল্পটির ডিপিপি একনেক কর্তৃক গত ৩০ ২০১৯/০৪/ তারিখে অনুমোদিত হয়েছে। ২১-১১-২০১৯ তারিখে ডক ইয়ার্ড ইঞ্জিনিয়ারিং এন্ড ওয়ার্কস এর সাথে প্রকল্প/বিসিআইসি'র চুক্তি স্বাক্ষরিত হয়। ০১-১২-২০১৯ তারিখে কার্যাদেশ এবং ২৪-১২-২০১৯ তারিখে সাইট বুঝিয়ে দেয়া হয়েছে।<br>‡ **প্রকল্পের বাস্তবায়ন কাল:** মার্চ, ২০১৯ খ্রি. থেকে জুন, ২০২২ খ্রি. পর্যন্ত | • গোডাউন অফিস (৩ তলা ভবন): গোডাউন অফিস-০২ এর Second Floor এর Casting সম্পন্ন হয়েছে এবং গোডাউন অফিস-১ এর First Floor এর Casting সম্পন্ন হয়েছে।<br>• বিসিআইসি অফিস (১ তলা ভবন): বিসিআইসি অফিস এর Roof Casting কাজ চলমান রয়েছে।<br>• সিকিউরিটি অফিস: সিকিউরিটি অফিসের ছাদ পর্যন্ত কাষ্টিং এর কাজ শেষ হওয়ার পর Brick Work এর কাজ সম্পন্ন হয়েছে।<br>• ডিপ টিউবওয়েল: ডিপ টিউবওয়েল-২ এর কাজ শেষ হয়েছে এবং ডিপ টিউবওয়েল-১ এর বোরিং এর কাজ চলছে।<br>• Electrical ও ফায়ার ফাইটিং: Electrical ও Fire Detection এর কাজ চলমান রয়েছে। Electrical Sub Station এর কাজ ছাদ পর্যন্ত সম্পন্ন হয়েছে। Fire Hydrant pipe স্থাপনের কাজ শুরু হয়েছে।<br>• নিউট্রালাইজেশন পন্ড: নিউট্রালাইজেশন পন্ড এর কাজ শেষ হয়েছে।<br>• বাউন্ডারী ওয়াল: প্রকল্পের উত্তর দিকের বাউন্ডারী ওয়াল এর কাজ ৬৫০ ফুট পর্যন্ত সম্পন্ন হয়েছে, পূর্ব পার্শ্বের Boundary Wall এর কাজ শেষ হয়েছে এবং পশ্চিম পার্শ্বের Boundary Wall এর কাজ শুরু হয়েছে।<br>• Storm Drain: Storm Drain এর কাজ ২০০ রানিং মিটার পর্যন্ত সম্পন্ন হয়েছে।<br>• RCC Internal Road: RCC Internal Road এর সাব-বেজ এর কাজ চলমান রয়েছে।<br>• আন্ডারগ্রাউন্ড ওয়াটার ট্যাংক (এক লক্ষ গ্যালন): আন্ডারগ্রাউন্ড ওয়াটার ট্যাংক এর কাজ সম্পন্ন হয়েছে।<br><br>**১৪ মার্চ, ২০২২ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতিঃ**<br>**আর্থিক অগ্রগতি:** ২৭৯২.১৩ লক্ষ টাকা (৩৯.০৮%)<br>**বাস্তব অগ্রগতি:** ৫৫.০০%<br>**বরাদ্দ:** ৭১৪৪.১৮ লক্ষ টাকা, **ব্যয়:** ২৭৯২.১৩ লক্ষ টাকা | |
| ০৯. | কপি রাইট অফিস এবং পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর একত্রিত করে শিল্প মন্ত্রণালয়ের অধীনে আনতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সাথে দ্রুত উদ্যোগ নিতে হবে<br><br>**(নির্দেশনা নং-৯)**<br>২৪/৮/২০১৪খ্রি. | ‡ সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন কপি রাইট অফিস এবং শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন পেটেন্ট , ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তরকে একীভূত করে সমন্বিত আইপি অফিস প্রতিষ্ঠার লক্ষ্যে মুখ্যসচিব মহোদয়ের সভাপতিত্বে ১৯/১০/২০১৫ তারিখে সভা হয়। বিষয়টির ধারাবাহিকতায় অটোমেশনের কার্যক্রমে যুক্ত হওয়ার লক্ষে ডিপিডিটি হতে প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। | **ডিপিডিটি:**<br>• মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় এর সভাপতিত্বে ০৪-০৮-২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:<br>(ক) একটি সমন্বিত ডিজিটাল প্ল্যাটফর্ম এর মাধ্যমে পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর এবং বাংলাদেশ কপিরাইট অফিস সমন্বিতভাবে কার্যক্রম পরিচালনা করবে এবং এক্ষেত্রে পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর এবং কপিরাইট অফিসের কার্যক্রমকে একীভূত করে পৃথক কোন সংস্থা প্রতিষ্ঠার প্রয়োজন পড়বে না এবং নতুন করে আইন প্রণয়নেরও প্রয়োজন পড়বে না।<br>(খ) দু'টি সংস্থার সফটওয়্যার এবং ডেটাবেজ সমন্বয়ের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কারিগরি সহায়তা প্রদান করবে।<br>মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় মহোদয়ের সভাপত্বিতে অনুষ্ঠিত ১৯/১০/২০১৫ তারিখের সভার সিদ্ধান্ত (গ) অনুযায়ী "কপিরাইট অফিস এবং পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর একই ভবনে সংস্থাপনের লক্ষ্যে শিল্প মন্ত্রাণালয়ের অধীন পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তরের নির্মিতব্য ভবনের ডিজাইন ও ড্রইং সংশোধন করে একটি অনন্য নকশা (Unique design) প্রণয়ন করতে হবে"। কপিরাইট অফিসের স্মারক নং-৪৩.২৯.০০০০.০০১.০৩.১০৮.০৬ তারিখ: ০২-০৩-২০১৬ খ্রি: মোতাবেক ডিপিডিটি ও কপিরাইট অফিসের দুটি পৃথক ভবন হবে। তবে ২য় তলা থেকে দু'ভবনের মাঝখানে সংযোগ থাকবে। নির্মিতব্য ভবনের ডিজাইন ও ড্রইং সংশোধন করে একটি অনন্য নকশা (Unique design) প্রণয়ন কার্যক্রম গ্রহণের জন্য শিল্প মন্ত্রণালয়কে উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন।<br>• পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তরের নির্মিতব্য ভবনের জন্য নির্ধারিত জমির বিষয়ে মহামান্য উচ্চ আদালতে | ডিপিডিটি |

| ক্রঃ নং | প্রদত্ত নির্দেশনা | গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | | মামলা চলমান থাকায় নির্মান কার্যক্রম গ্রহণ করা সম্ভব হয়নি। ডিপিডিটির জমির বিষয়ে চলমান মামলা দ্রুততম সময়ের মধ্যে নিষ্পত্তির লক্ষ্যে সম্মিলিতভাবে মামলা মোকাবেলার কার্যক্রম চলমান রয়েছে।<br><br>**এসএমই ফাউন্ডেশন:**<br>এসএমই ফাউন্ডেশন এনপিও ভবনের জায়গা বিষয়ক মামলার সরাসরি পক্ষভুক্ত নয়। তবে দ্রুত এ মামলার নিষ্পত্তির জন্য ফাউন্ডেশনের কমকর্তা, শিল্পমন্ত্রণালয় ও এনপিও কর্মকর্তাগণসহ মহামান্য হাইকোর্ট বিভাগে বিজ্ঞ এটর্নী জেনারেল এর দপ্তরের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রেখে আসছেন। | |
| ১০. | শিল্প মন্ত্রণালয়ের দপ্তর মেধাবী সংস্থায়/ নিয়োজিত কর্মকর্তাদের বিদ্যমান উদ্দেশ্যে রাখার কাঠামোর বেতন পৃথক আয়ের এবং গ্রহণ উদ্যোগ অংশ একটি কর্মকর্তা/কর্মচারীদের প্রণোদনা হিসেবে প্রদান করা যেতে পারে<br><br>**(নির্দেশনা নং-১০)**<br>২৪/৮/২০১৪খ্রি. | **বিএসটিআই :**<br>‡ শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন বিএসটিআইতে মেধাবী কর্মকর্তাদের নিয়োজিত রাখার উদ্দেশ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থবিভাগের অনুমোদনক্রমে বিএসটিআই'র কারিগরী ক্যাটাগরির ১০ম ও ১১তম গ্রেডের (দ্বিতীয় শ্রেণীর) ৩ (তিন)টি পদের যথা:-পরীক্ষক (৬৯টি), ফিল্ড অফিসার (৭৫টি), পরিদর্শক (৭৫টি) সর্বমোট ১১০ জন কর্মকর্তার পদমর্যাদা ও বেতন স্কেল ৯ম গ্রেডে উন্নীত হয়েছে।<br>**বিএবি:**<br>বিএবি'র ৩৬তম বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক অর্থ মন্ত্রণালয়ের সম্মতিক্রমে চলতি ২০১৮অর্থবছরের জন্য ১৯-বিএবিতে কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারিকে পূর্ববর্তী এক বছর কর্মকালের জন্য একটি মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রণোদনা হিসাবে প্রদানের উদ্যোগ নেয়া হয়েছে।<br>**বিএসএফআইসি:**<br>বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন এবং আওতাধীন মিল/প্রতিষ্ঠানে ২015 সাল হতে দীর্ঘমেয়াদী আর্থিক সমস্যার কারণে জনবল নিয়োগ বন্ধ রয়েছে। সংস্থার অধীন মিল/প্রতিষ্ঠানগুলোর বর্তমান আর্থিক সংকট উত্তোরণ হলে মেধাবী কর্মকর্তাদের নিয়োজিত রাখার উদ্দেশ্যে বিদ্যমান পৃথক বেতন কাঠামোর উদ্যোগ গ্রহণ এবং আয়ের একটি অংশ কর্মকর্তা/কর্মচারীদের প্রণোদনা হিসেবে প্রদানের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা যেতে পারে। | **বিএসটিআই :**<br>বাস্তবায়িত (১০০%)<br><br>(বাস্তবায়িত বিধায় আলোচ্যসূচি হতে বাদ দেওয়ার প্রস্তাব করা হয়)<br><br>**বিএবি:**<br>বিষয়টিতে আর্থিক সংশ্লেষ থাকায় শিল্প মন্ত্রণালয়ে গত ১৮/০৩/২০১৯ তারিখে অর্থ বিভাগে সম্মতির জন্য পত্র প্রেরণ করে। পরবর্তীতে ১৭/০৪/২০১৯ তারিখে অর্থ বিভাগ থেকে প্রণোদনা প্রদান বিষয়ক কিছু তথ্য চাওয়া হয়। গত ২২/০১/২০২০ তারিখে অর্থ মন্ত্রণালয় কর্তৃক চাহিত বিস্তারিত তথ্যাদি অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। প্রেক্ষিতে অর্থ বিভাগ কর্তৃক গত ১৯/০৩/২০২০ তারিখের ৩৮ নং স্মারকের মাধ্যমে এ বিষয়ে অসম্মতি জ্ঞাপন করা হয়। এ বিষয়ে যথাযথ যৌক্তিকতাসহ অর্থ বিভাগে পুনরায় প্রস্তাব প্রেরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।<br>**বিটাক:**<br>* বিটাকের মেধাবী কর্মকর্তাদের নিয়োজিত রাখার উদ্দেশ্যে বিদ্যমান বেতন কাঠামোর তুলনায় একধাপ উন্নীতকরণের উদ্যোগ নেয়া হয়েছে। তৎপ্রেক্ষিতে বিটাকের বিদ্যমান বেতন স্কেল আপগ্রেডের বিষয়টি ইতোমধ্যে অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br><br>* বিটাকে কর্মকর্তা/কর্মচারীদেরকে কাজে উৎসাহ প্রদানের জন্য নিজস্ব আয় হতে প্রতি বৎসর মূল বেতনের সমপরিমাণ অতিরিক্ত ২টি প্রণোদনা ভাতা প্রদানের প্রস্তাব করা হয়।<br>কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।<br>**ডিপিডিটি:**<br>সিদ্ধান্ত ও নির্দেশনা মোতাবেক কর্মপরিকল্পনা ও প্রস্তাবনা শিল্প মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করা হয়েছিল। শিল্প মন্ত্রণালয়ের স্মারক নং-৩৬.০০.০০০০.০৭৫.৯৯.০০৭.১৫/৪২, তারিখ: ২০/০৩/২০১৭ এর মাধ্যমে জানানো হয়েছে যে, ডিপিডিটিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ দৈনন্দিন রুটিন দায়িত্ব পালন করে থাকেন। রুটিন দায়িত্ব পালনের ক্ষেত্রে অর্থনৈতিক প্রণোদনা প্রদানের কোন সুযোগ নেই। | সকল দপ্তর/ সংস্থা |

| ক্রঃ নং | প্রদত্ত নির্দেশনা | গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১১. | শিল্প পণ্যের আন্তর্জাতিক বাজারের রপ্তানি বৃদ্ধি নিশ্চিত করার জন্য গবেষণা ও উন্নয়ন এবং বাজারজাতকরণে গুরুত্ব দিতে হবে<br><br>**(নির্দেশনা নং-১১)**<br>২৪/৮/২০১৪খ্রি. | **বিসিআইসি:**<br>১। **বিআইএসএফ লিঃ** এ স্বয়ংক্রিয় পদ্ধতিতে সিরামিক পণ্যের গ্লেজের উজ্জ্বলতা বৃদ্ধিকরণ।<br><br>২। **কেপিএমলিঃ** এ উৎপাদিত পেপারের উজ্জলতা ও মসৃণতা বৃদ্ধিকরণ এবং পুরুত্ব নিয়ন্ত্রণ।<br><br>**বিসিক:**<br>শিল্প পণ্যের আন্তর্জাতিক বাজারে রপ্তানি বৃদ্ধির লক্ষ্যে নিয়মিত দেশি ও বিদেশি মেলার আয়োজন ও অংশগ্রহণ এবং ক্রেতা-বিক্রেতা সম্মেলন আয়োজনের কার্যক্রম চলমান রয়েছে। | **বিসিআইসি:**<br>১। **বিআইএসএফলিঃ** কারখানায় উৎপাদিত স্যানিটারীওয়্যারের মান উন্নয়নের লক্ষ্যে ম্যানুয়াল পদ্ধতির পরিবর্তে ব্যাটারী কাস্টিং ও অটো-গ্লেজিংসহ আধুনিক প্রযুক্তি ব্যবহারের জন্য বিআইএসএফএল এর মূলধনী খাতে স্বল্পমেয়াদী পূনর্বাসন কর্মসূচীর আওতায় ১৭টি মেশিনারিজের মধ্যে ৭টি মেশিন ক্রয় করা হয় যথাঃ ১। Crank press machine (for insulator plant) ২। Diafragm pump (for casting shop) ৩। De-dusting chamber (for finishing section) ৪। Change/modification of existing electric switch gear ৫। Jiggering machine for insulator ৬। Distribution line for steam ৭। Universal testing machine for insulator. এবং কমিশনিং সম্পন্ন হয়েছে। উল্লিখিত মেশিনারিজ এর মধ্যে ২,৩,৪ এবং ৬নং আইটেমগুলি স্যানিটারীওয়্যার উৎপাদন নিরবচ্ছিন্ন রাখার সাথে সংশ্লিষ্ট কিন্তু মান উন্নয়নের সাথে নয়। উল্লেখ্য, বিগত ২৬-০৮-২০১৫খ্রি. তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত "জাতীয় শিল্প উন্নয়ন পরিষদ" এর সভায় বিআইএসএফ অনত্র স্থানান্তরের প্রেক্ষিতে স্বল্প মেয়াদী পূনর্বাসন কর্মসূচীর আওতায় ক্রয়তব্য ১৭টি মেশিনারিজের মধ্যে জরুরী প্রয়োজন ছাড়া অবশিষ্ট মেশিনগুলো ক্রয় স্থগিত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। সে মোতাবেক স্যানিটারীওয়্যারের মান উন্নয়নের সাথে সংশ্লিষ্ট ব্যাটারী কাস্টিং ও অটো-গ্লেজিংসহ আধুনিক প্রযুক্তির কোন মেশিন ক্রয় করা হয়নি। ২৬-০৮-২০১৫খ্রি. তারিখের সিদ্ধান্তের প্রেক্ষিতে এ সংক্রান্ত সমস্ত কার্যক্রম আপাতত: বন্ধ আছে।<br><br>২। কেপিএমলিঃ এ উৎপাদিত পেপারের উজ্জলতা ও মসৃণতা বৃদ্ধিকরণ এবং পুরুত্ব নিয়ন্ত্রণ।<br>ফরেন পাল্প, প্রয়োজনীয় কেমিক্যালস্ এবং প্রসেস উন্নয়নে কিছু পদক্ষেপ গ্রহনের মাধ্যমে এনসিটিবির চাহিদাকৃত বিনির্দেশ মোতাবেক উৎপাদিত কাগজের উজ্জলতা 85% (ISO -International Standard Organization মোতাবেক) অর্জন সম্ভব হয়েছে যা পূর্বে নিজস্ব পাল্প দিয়ে উৎপাদিত কাগজের উজ্জলতা ছিলো 76%)। পেপারের মান উন্নয়নে যন্ত্রপাতি প্রতিস্থাপন/সংযোজন করা প্রয়োজন হলেও কারখানার আর্থিক সংকটের কারণে তা সম্ভব হচ্ছে না।<br>বিসিআইসি'র কারখানাসমূহে উৎপাদিত পণ্য দেশের আভ্যন্তরীণ চাহিদা মিটিয়ে উদ্বৃত্ত থাকে না বিধায় রপ্তানি করা হয় না।<br>**বিসিক:**<br>▪ ২০২০-২০২১ অর্থবছরের উদ্যোক্তাদের উপস্থিতিতে ২৫টি মেলা সম্পন্ন হয়েছে।<br>▪ মুজিব জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে বিসিক কর্তৃক আয়োজিত বিভিন্ন জেলায় মোট ৯৩টি মেলা অনলাইনে সম্পন্ন হয়েছে।<br>▪ বিসিকের কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাদের ডিজিটাল মাধ্যমে পণ্য ক্রয়-বিক্রয় ও দেশ-বিদেশে বাজারজাতকরণে সহায়তা প্রদানের লক্ষ্যে "বিসিক অনলাইন মার্কেট" (www.bscic-emarket.gov.bd) তৈরি করা হয়েছে এবং তা ১৬ সেপ্টেম্বর ২০২১ তারিখে উদ্বোধন হয়েছে।<br>▪ ৪৯৩টি উপজেলায় 'বিসিক-ঐক্য ডিজিটাল ডিসপ্লে সেন্টার' স্থাপনের লক্ষ্যে ঐক্য ফাউন্ডেশনের সাথে বিসিকের গত ২২ সেপ্টেম্বর ২০২১ তারিখে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে।<br>▪ ফেব্রুয়ারি ২০২২ পর্যন্ত বিভিন্ন জেলায় অনলাইনে ৫২টি মেলা। কোভিড-১৯ এর প্রকোপ বাড়ায় ফেব্রুয়ারি মাসে কোন মেলা অনুষ্ঠিত হয়নি। | শিল্প মন্ত্রণালয়/ বিসিআইসি/ বিসিক/ বিএসইসি/ বিএসএফআই সি |

| ক্রঃ নং | প্রদত্ত নির্দেশনা | গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | **বিএসইসি:**<br>‡ গবেষণা সেল গঠন ও সুনির্দিষ্ট মাকেটিং কৌশলপত্র প্রণয়ন কার্যক্রম চলছে।<br><br>**বিএসএফআইসি:**<br>কেরু অ্যান্ড কোং এর ডিস্টিলারি কারখানার .লি (বিডি) স্পিরিট আহরণের হার বৃদ্ধিকল্পে শাহজালাল বিজ্ঞান ওপ্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড আবু ইউসুফ এর .পলিমার সায়েন্স বিভাগের অধ্যাপক ড সাথে কেরুর নিজস্ব অর্থায়নে একটি গবেষণা ও উন্নয়ন কার্যক্রমের চুক্তি সম্পাদিত হয়। সে মোতাবেক গবেষণা ও উন্নয়ন কার্যক্রম শেষ হয়েছে।<br>**বাস্তবায়নের মেয়াদ: জানুয়ারি ২০২১ খ্রি. (**COVID-19 মহামারীর কারণে গবেষণা কার্যক্রম দীর্ঘ সময় বন্ধ ছিল)। ১৮-১১-২০২১ খ্রি. তারিখ গবেষণা কর্মের চূড়ান্ত প্রতিবেদন দাখিল করেছেন।<br>**অগ্রগতি ও অগ্রগতির হারঃ** চুক্তিপত্র অনুযায়ী গবেষণা কার্যক্রমের মোট বরাদ্দ ১২,৮০,০০০.০০ (বার লক্ষ আশি হাজার) টাকার মধ্যে ১ম ধাপে ৪০% এবং ২য় ধাপে ৩০% মোট ৭০% অর্থাৎ মোট বরাদ্দের ৮,৯৬,০০০.০০ টাকা প্রদান করা হয়। অবশিষ্ট ৩০% অর্থাৎ ৩,৮৪,০০০.০০ (তিন লক্ষ চুরাশি হাজার) টাকা চূড়ান্ত প্রতিবেদন দাখিল করার পর প্রদান করা হয়েছে। | **বিএসইসি :**<br>১। ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা২০২২- এর সমাপনী অনুষ্ঠানে সাধারণ প্যাভিলয়ন ক্যাটাগরিতে বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন (বিএসইসি) শ্রেষ্ঠ প্যাভিলিয়ন নির্বাচিত হওয়ায় মাননীয় বাণিজ্য মন্ত্রী জনাব টিপু মুনশি এবং মাননীয় বস্ত্র ও পাট মন্ত্রী, জনাব গোলাম দস্তগীর গাজী, বীর প্রতিক এর হাত থেকে গোল্ড ট্রফি গ্রহণ করেছেন বিএসইসি র চেয়ারম্যান‘জনাব মো: শহীদুল হক ভুঁঞা এনডিসি । উল্লেখ্য যে, বাণিজ্য মেলায় ৬০.৫২৮ লক্ষ টাকার পণ্য বিক্রয় হয়েছে। এছাড়া ৪৫৪০.১৭৭ লক্ষ টাকার পণ্যের কার্যাদেশ পাওয়ার সম্ভবনা রয়েছে।<br>২। বিএসইসি ’ র অধীনস্থ প্রগতি ইন্ডাস্ট্রিজ লিমিটেডের সংযোজিত ৭৩টি ডাবল কেবিন পিক আপ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়কে হস্তান্তর সংক্রান্ত অনুষ্ঠানটি ১১-০১-২০২১ তারিখে হোটেল ইন্টার কন্টিনেন্টালে অনুষ্ঠিত হয়েছে। উক্ত অনুষ্ঠানে জনাব নূরুল মজিদ মাহমুদ হুমায়ুন এমপি, মাননীয় মন্ত্রী, শিল্প মন্ত্রণালয়, মাননীয় মন্ত্রী জনাব ইমরান আহমেদ, এমপি, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং জনাব জাকিয়া সুলতানা, সচিব, শিল্প মন্ত্রণালয় এবং জনাব ড. আহমেদ মুনিরূছ সালেহীন, সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটিতে সভাপতিত্ব করেন চেয়ারম্যান, বিএসইসি। এছাড়া উক্ত অনুষ্ঠানে বিএসইসি ’ র সকল পরিচালক, বিভাগীয় প্রধানগণ এবং ব্যবস্থাপনা পরিচালক (পিআইএল) অংশগ্রহণ করেন যা বিভিন্ন ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় প্রচার করা হয়।<br>**বিএসএফআইসি:**<br>বিএসএফআইসি জানায় যে, চুক্তিপত্র অনুযায়ী গবেষণা কার্যক্রম শেষ হয়েছে। তিনি তাঁর গবেষণার চূড়ান্ত প্রতিবেদনে নিম্নোক্ত সুপারিশমালা দিয়েছেন:<br>➢ Based on our experiments and literature study, engineering works will be more effective compared to thermo -tolerant yeast to enhance ethanol yield.<br>➢ Temperature controlling unit and aeration system could be installed initially in one or two fermentation vat.<br>➢ Growth supplements such as pyridoxine (1 mg/l), thiamine (1 mg/l), and D-biotin (0.44μg/l) along with the other nutrients currently using (urea and TSP) should be added to the yeast plant as well as fermentation vat.<br>➢ Most of the cases, molasses from distance sugar industries are poor quality in sugar content. Therefore, molasses from those industries must have minimum total sugar of 45% and $85^0$Brix.<br>➢ To prevent the degradation of storage molasses, the addition of proteolytic enzyme will play good roles. However, molasses should not be stored more than 6 months.<br>➢ Molasses tank must be cleaned once a year.<br>➢ It is strongly recommended to take immediate action to remove $CO_2$ from the fermentation vat.<br>➢ Need more training for the plant operators and personnel from Brazil/India/China to make them skill in distillery process.<br>➢ Laboratory should be well equipped to monitor and maintain the quality of raw materials and final products.<br>➢ To improve ethanol recovery, a synergistic effect is required. According to our findings of the | |

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>প্রদত্ত নির্দেশনা</th><th>গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ</th><th>বাস্তবায়ন অগ্রগতি</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ</th></tr>
<tr><th>১</th><th>২</th><th>৩</th><th>৪</th><th>৫</th></tr>
<tr><td></td><td></td><td><u>এসএমই ফাউন্ডেশন :</u><br>• এসএমই পণ্য মেলা আয়োজন<br>• আন্তর্জাতিক এসএমই জার্নাল প্রকাশ<br>মেয়াদ: ০১ জুলাই ২০২১ হতে ৩০ জুন ২০২২ পর্যন্ত।</td><td>project, up on the implementation of the above recommendations, recovery will be increased more than 30%.<br>গবেষণা কার্যক্রমের নির্দেশনা অনুযায়ী পরবর্তী কার্যক্রম সম্পন্ন করার জন্য প্রথমত একটি আধুনিক সুবিধা সম্বলিত নতুন ভবনসহ ল্যাবরেটরি স্থাপন করা প্রয়োজন হবে মর্মে প্রতিবেদনে উল্লেখ আছে। উপরোক্ত সুপারিশমালা অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।<br><u>এসএমই ফাউন্ডেশন :</u><br>• বাংলা একাডেমি কর্তৃক আয়োজিত একুশে বইমেলায় এসএমই ফাউন্ডেশন অংশগ্রহণ করে।<br>• বিভাগীয় শহরে আঞ্চলিক এসএমই পণ্যমেলা আয়োজন সম্পন্ন করার লক্ষ্যে প্রয়োজনীয় প্রস্তুতিমূলক কার্যক্রম চলমান রয়েছে।</td><td></td></tr>
<tr><td>১২.</td><td>দেশে বিদ্যমান চিনিকলসমূহে যাতে আখের পাশাপাশি সুগার বিট ব্যবহার করে চিনি উৎপাদন করা যায়, উহার লক্ষ্যে ডুয়েল সিস্টেম মেশিনারি রাখা<br><br>(নির্দেশনা নং-১২)<br>২০/৭/২০১৪খ্রি.</td><td>“ঠাকুরগাঁও চিনিকলের পুরাতন যন্ত্রপাতি প্রতিস্থাপন এবং সুগার বিট থেকে চিনি উৎপাদনের প্রয়োজনীয় যন্ত্রপাতি সংযোজন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পটির উপর ০৯-১২-২০২০ ও ১৪-১২-২০২০ তারিখে পিইসি সভা হয়। সভায় আলোচ্য প্রকল্প দ্রুত সমাপ্ত করে ঠাকুরগাঁও চিনিকলকে একটি লাভজনক প্রতিষ্ঠানে রূপান্তর করার লক্ষ্যে নতুন প্রকল্প গ্রহণ করার জন্য একটি সমীক্ষা প্রকল্প গ্রহণপূর্বক পূর্নাঙ্গ সম্ভাব্যতা পরীক্ষার (Feasibility study) করণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>মেয়াদ: জুলাই ২০১৩ হতে জুন ২০২১</td><td>• সিদ্ধান্ত অনুযায়ী ‘ঠাকুরগাঁও চিনিকল আধুনিকীকরণ, উৎপাদন বহুমুখীকরণ ও বিট সুগার প্ল্যান্ট স্থাপনের সম্ভাব্যতা সমীক্ষা’ (প্রাক্কলিত ব্যয়: ৪৯৯.০০ লক্ষ টাকা, মেয়াদ কাল: অক্টোবর ২০২১ - ডিসেম্বর ২০২২ পর্যন্ত) প্রকল্প প্রস্তাব প্রণয়ন করা হয়েছে। উক্ত প্রকল্পের উপর বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটি (ডিপিইসি) সভার সিদ্ধান্ত মোতাবেক প্রকল্প প্রস্তাব পুনর্গঠন কাজ চলমান আছে।</td><td>প্রকল্পটি সমাপ্ত হয়েছে।</td></tr>
<tr><td>১৩.</td><td>শিল্প মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থার শূন্য পদে জনবল নিয়োগ<br>(নির্দেশনা নং-১৩)<br>১২/৪/২০০৯ খ্রি.</td><td><table>
<tr><th>গ্রেড</th><th>গ্রেড ভিত্তিক শূন্য পদেরসংখ্যা</th><th>গৃহিত কার্যক্রম</th></tr>
<tr><td>(ক) ১ম গ্রেড</td><td></td><td rowspan="12"><u>নিয়োগ কার্যক্রম</u> :<br>(ক) <u>পদোন্নতির মাধ্যমে নিয়োগ - ৭৬৬জন</u> :<br>সিনিয়রজিএম-২৪ +জিএম-৪৮ +ডিজিএম -১৫৪ +ব্যবস্থাপক-৮৩ + উপ-ব্যবস্থাপক-২৩৫)=<br>সরাসরি (১০০%) পদোন্নতিযোগ্য<br>এবং সহ:ব্যবস্থাপক-১৪১ (৫০%) ও সহ:কর্মকর্তা-৮১ (৫০%)<br>=৭৬৬ পদোন্নতিযোগ্য।</td></tr>
<tr><td>(খ) ২য় গ্রেড</td><td></td></tr>
<tr><td>(গ) ২য় গ্রেড</td><td>২৪</td></tr>
<tr><td>(ঘ) ৩য় গ্রেড</td><td>৪৮</td></tr>
<tr><td>(ঙ) ৪র্থ গ্রেড</td><td>১৫৪</td></tr>
<tr><td>(চ) ৫ম গ্রেড</td><td>৮৩</td></tr>
<tr><td>(ছ) ৬ষ্ঠ গ্রেড</td><td>২৩৫</td></tr>
<tr><td>(জ) ৯ম গ্রেড</td><td>১৪১</td></tr>
<tr><td>(ঝ) ১০ম গ্রেড</td><td>৮১</td></tr>
<tr><td>উপ-মোট :</td><td>৭৬৬</td></tr>
<tr><td>সরাসরি নিয়োগযোগ্যপদ</td><td>৫২৬</td></tr>
<tr><td>(ঞ) ১২-২০তম গ্রেড</td><td>৫৬৫</td></tr>
<tr><td>সর্বমোট :</td><td>১৩৮৩</td><td></td></tr>
</table></td><td>বিসিআইসি:<br>সংস্থার শূন্য পদে নিয়োগ কার্যক্রম চলমান আছে<br>খ) সরাসরি নিয়োগযোগ্য পদের সংখ্যা (২২ ফেব্রুয়ারী-২০২২ পর্যন্ত) (৯ম গ্রেড-১৪১ জন এবং ১০ম গ্রেড-৩৮৫ জন)=৫২৬ জন।<br>(১) <u>২২-১২-২০২০খ্রি. ৩৯ জন কর্মকর্তা নিয়োগের গৃহীত কার্যক্রম</u> :<br>নির্মানাধীন ১৩টি বাফার গুদামে পদায়নের জন্য ৩৯টি নন-টেকনিক্যাল পদে (৯ম গ্রেডের ১৩জন এবং ১০ম গ্রেডে ২৬জন) কর্মকর্তা নিয়োগের জন্য গত ২২-১২-২০২০খ্রি. তারিখে বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। লিখিত ও মৌখিক পরীক্ষা শেষে গত ২০-১২-২০২১খ্রি. তারিখে চূড়ান্ত ভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রকাশ করা হয়। নির্বাচিত প্রার্থীদের পুলিশ ভেরিফিকেশন শেষে নিয়োগপত্র ইস্যু করা হবে।<br>(২) <u>০৩-০৫-২০২১খ্রি. ৩১৭ জন কর্মকর্তা নিয়োগের গৃহীত কার্যক্রম</u> :<br>বিসিআইসির বিভিন্ন কারখানায় পদায়নের জন্য ১০ম গ্রেডের টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল পদে ৩১৭ কর্মকর্তা নিয়োগের জন্য গত ০৩-০৫-২০২১ তারিখে বিজ্ঞপ্তি প্রকাশিত হয় এবং গত ১০-১২-২০২১খ্রি. তারিখ লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। গত ০৫-০১-২০২২খ্রি. তারিখ লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়েছে। শীঘ্রই মৌখিক স্বাক্ষাৎকার গ্রহণ করা হবে।<br>(৩) <u>৩০-০৯-২০২১খ্রি. ১২৩ জন কর্মকর্তা নিয়োগের গৃহীত কার্যক্রম</u> :<br>বিসিআইসির বিভিন্ন কারখানায় পদায়নের জন্য ৯ম গ্রেডের টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল পদে ১২৩ কর্মকর্তা নিয়োগের লক্ষ্যে গত ৩০-০৯-২০২১খ্রি. তারিখে পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। গত ২৮-১০-২০২১খ্রি. আবেদন গ্রহন শেষ হয়েছে। লিখিত পরীক্ষা গ্রহণের কার্যক্রম চলমান।<br>(৪) <u>কর্মচারী ও শ্রমিক নিয়োগের গৃহীত কার্যক্রম</u> :<br>স্থায়ী কর্মচারী ও শ্রমিক (১৬৫১+৩২৩২)=৪৮৮৩ জন ও দৈনিক ভিত্তিক (No work no pay) এবং আনসার আউট</td><td>শিল্প মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থা</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>প্রদত্ত নির্দেশনা</th><th>গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ</th><th>বাস্তবায়ন অগ্রগতি</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ</th></tr>
<tr><td>১</td><td>২</td><td>৩</td><td>৪</td><td>৫</td></tr>
<tr><td></td><td></td><td>
বিসিক :<br>বিসিকের জনবলের শূন্যপদের সংখ্যা নির্ধারণ ও নিয়োগের কার্যক্রম চলমান রয়েছে।<br><br>
বিএসএফআইসি:<br>সংস্থার উন্নয়নমূলক ও প্রশাসনিক কার্যক্রম দ্রুততার সাথে এবং যথাযথভাবে সম্পাদনের স্বার্থে শূন্যপদসমূহ প্রয়োজন হলেও ২০১৫ সাল হতে দীর্ঘমেয়াদী আর্থিক সমস্যার কারণে জনবল নিয়োগ আপাতত বন্ধ রয়েছে।<br><br>
ডিপিডিটি :<br>
<table>
<tr><td>ক্রম</td><td>পদের নাম</td><td>পদের সংখ্যা</td></tr>
<tr><td>১</td><td>ডেপুটিরেজিস্ট্রার</td><td>১টি</td></tr>
<tr><td>২</td><td>প্রোগ্রামারের</td><td>১টি</td></tr>
<tr><td>৩</td><td>এসিস্ট্যান্ট প্রোগ্রামারের</td><td>১টি</td></tr>
<tr><td>৪</td><td>এক্সামিনার</td><td>১৩টি</td></tr>
<tr><td>৫</td><td>এসিস্ট্যান্ট রেজিস্ট্রার</td><td>১টি</td></tr>
<tr><td>৬</td><td>৩য় ও ৪র্থ</td><td>১৪</td></tr>
<tr><td>৭</td><td>অফিস সহায়ক</td><td>১টি</td></tr>
<tr><td>৮</td><td>অফিসসহকারী-কাম-কম্পিউটারমুদ্রাক্ষরিক</td><td>১টি</td></tr>
<tr><td>৯</td><td>উচ্চমান সহকারী</td><td>১ টি</td></tr>
<tr><td>১০</td><td>ফটোকপিয়ার</td><td>১টি</td></tr>
<tr><td>১১</td><td>নৈশ প্রহরী</td><td>১ টি</td></tr>
<tr><td></td><td>মোট</td><td>৩৬</td></tr>
</table>
</td><td>
সোর্সিং এর মাধ্যমে মোট ৪১৬৩জন (৪৮৮৩+৪১৬৩)=৯০৪৬জন নিয়োজিত আছে। মঞ্জুরিকৃত পদ সংখ্যা কর্মচারী ও শ্রমিক (৪২০২+৪৯৩৫)= ৯১৩৭ জন। খালি পদের সংখ্যা (৯১৩৭-৯০৪৬)=৯১ জন।<br><br>
বিসিক :<br>‡ ৩৯৭টি সরাসরি নিয়োগযোগ্য শূন্যপদের মধ্যে থেকে আলোচনান্তে ০৩ নভেম্বর ২০২১ তারিখে শিল্প মন্ত্রণালয়ে ৯ম-২০তম গ্রেডের ৩২ ক্যাটাগরির ২১৯টি শূন্য পদে সরাসরি নিয়োগের অনুমোদনের জন্য প্রস্তাব প্রেরণে করা হয়েছে।<br>‡ ৭০টি শূন্য পদে সরাসরি নিয়োগের অনুমোদন শিল্প মন্ত্রণালয়ে থেকে গত ১৫/০৩/২০২২ তারিখে পাওয়া গেছে যার পরবর্তী কার্যক্রম চলমান রয়েছে ।<br>
বিটাক :<br>‡ ১২৭ টি শূন্য পদের মধ্যে ৬টি (তৃতীয় শ্রেণির ৬টি পদ) সরাসরি নিয়োগযোগ্য পদ এবং ১২০টি (১ম শ্রেণির ৮টি, ২য় শ্রেণির ৩৩টি এবং তৃতীয় শ্রেণির ৭৯টি) পদ পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য।<br>‡ বিটাকের প্রবিধানমালা এবং নিয়োগবিধি ইতোমধ্যে অনুমোদন লাভ করে এবং নিয়োগ ও পদোন্নতির কার্যক্রম গ্রহণ করা হয়েছে।<br><br>
বিএসএফআইসি :<br>চিনিকলের লোকসান কমিয়ে আনার লক্ষ্যে ২০২০-২০২১ অর্থ বছরে ১৫টি চিনিকলের পরিবর্তে কেরু অ্যান্ড কোং, মোবারকগঞ্জ, ঠাকুরগাঁও, ফরিদপুর, নর্থবেঙ্গল, নাটোর, রাজশাহী, জয়পুরহাট এবং জিলবাংলা এ ৯টি চিনিকল চলমান রাখা এবং পঞ্চগড়, সেতাবগঞ্জ, শ্যামপুর, রংপুর, পাবনা এবং কুষ্টিয়া এ ৬টি চিনিকলে আখ মাড়াই কার্যক্রম স্থগিত করা হয়। মাড়াই কার্যক্রম স্থগিত ৬টি চিনিকল হতে চলমান ৯টি চিনিকলে বর্তমানে জনবল বদলি/পদায়ন কার্যক্রম অব্যাহত আছে।<br><br>
ডিপিডিটি :<br>মোট অনুমোদিত পদের সংখ্যা- ১১২টি এবং শূণ্য পদের সংখ্যাঃ ৩৬ টি<br>
• ১ম শ্রেণির এক্সামিনার এর ১১ টি পদে নিয়োগের রিকুইজিশন প্রেরণ করা হয়েছে ১ম শ্রেণির এক্সামিনার (ট্রেডমার্কস) এর ০১ টি পদে নিয়োগের লক্ষ্যে ২৯/০৬/২০২১ তারিখে শিল্প মন্ত্রণালয়ে চাহিদাপত্র প্রেরণ করা হয়েছে।<br>
• ৩য় ও ৪র্থ শ্রেণির ছাড়পত্র প্রাপ্ত ১৭(সতের)টি শূন্য পদে নিয়োগের লক্ষ্যে নিয়োগ কার্যক্রম গ্রহণের জন্য ডিপিসি’র আহবায়ক-কে পত্র প্রেরণ করা হয়েছে।<br>
বিএসটিআই :<br>বিএসটিআই’র শূন্য পদের মধ্যে বিভিন্ন গ্রেডের ১২৭টি পদে নিয়োগের জন্য আবেদনপত্র গ্রহণ করা হয়েছে। তন্মধ্যে ১১, ১৬ ও ১৮ -গ্রেডের বিভিন্ন পদে নিয়োগের জন্য লিখিত পরীক্ষা ও ব্যবহারিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) উর্ত্তীর্ণ প্রাথীদের মৌখিক পরীক্ষা গ্রহণ সম্পন্ন হয়েছে।<br>
• ২০তম গ্রেডের অফিস সহায়ক পদের মৌখিক পরীক্ষা ২০-০৩-২০২২ তারিখ থেকে শুরু হয়।<br>
• ৯ম গ্রেডের ৮৭টি শূন্য পদে নিয়োগের একটি অংশের লিখিত পরীক্ষা ১১-০৩-২০২২ তারিখ এবং অবশিষ্ট অংশের লিখিত পরীক্ষা ১৮-০৩-২০২২ তারিখ অনুষ্ঠিত হয়।<br>
• বিভিন্ন গ্রেডের পদোন্নতিযোগ্য শূণ্য পদে বিধি অনুযায়ী পদোন্নতি চলমান আছে।
</td><td></td></tr>
</table>

| ক্রঃ নং | প্রদত্ত নির্দেশনা | গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | **বিএসইসি :**<br>বিএসইসি প্রধান কার্যালয় ও এর নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠানসমূহে সর্বমোট ১৪ (চৌদ্দ) টি পদে নিয়োগ সংক্রান্ত।<br><br>**এনপিও :** ৬ষ্ঠ গ্রেডে ২টি পদ শূন্য। পদ ২টি পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য। পদোন্নতির যোগ্য কোন প্রার্থী না থাকায় একজন গবেষণা কর্মকর্তাকে উর্ধ্বতন গবেষণা কর্মকর্তার পদে চলতি দায়িত্ব প্রদান হয়েছে। অপর ১টি পদে চলতি দায়িত্ব প্রদানের জন্য মন্ত্রণালয় প্রস্তাব প্রেরণ করা হয়েছে।<br>বর্তমানে ৯ম গ্রেডের ২টি শূন্য পদ পূরণের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।<br>১২তম গ্রেডের ২টি, ১৩তম গ্রেডের ১টি, ১৪তম গ্রেডের ২টি, ১৬তম গ্রেডের ৫টি ও ২০তম গ্রেডের ১টি সহ মোট ১১টি পদ শূন্য আছে। | **বিএসইসি :**<br>• মহাব্যবস্থাপক/সমমান পদে এবং চিকিৎসা কর্মকর্তাসহ মোট ১৪টি (মহাব্যবস্থাপক /সমমান-১০, উপ-প্রধান চিকিৎসা কর্মকর্তা-১, চিকিৎসা কর্মকর্তা-২ এবং সহকারী চিকিৎসা কর্মকর্তা-১) পদে নিয়োগ প্রক্রিয়ার আবেদনপত্র গ্রহণ করা হয়।<br>• মোট আবেদনের সংখ্যাঃ ৩৬৪ টি<br>• এছাড়া, বিএসইসি প্রধান কার্যালয়ের অনুমোদিত সাংগঠনিক কাঠামোর শুন্যপদ সমূহের বিপরীতে ৩য় ও ৪র্থ শ্রেণির ১৮টি পদে সরাসরি নিয়োগের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।<br><br>**বিএবি:**<br>(ক) নবসৃজিত পদ ব্যতিত বর্তমান শূন্য পদ সমূহে বিদ্যমান নিয়োগবিধির আলোকে পূর্বের আবেদনগুলো বহাল রেখে নতুন নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ইতোমধ্যে পরিচালক-২টি, হিসাবরক্ষক-১টি ও অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটরসহ-২টি মোট ৫টি শূন্য পদের জনবল নিয়োগের জন্য গত ২৭/০৩/২০২২ তারিখে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।<br>(খ) বিএবি'র ৪২তম বোর্ড সভায় শূন্য পদের জনবল নিয়োগের সকল কার্যক্রম পরিচালনায় যাবতীয় খরচ বিএবি বহন করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>**বিআইএম:**<br>• মোট শূন্য পদ ৫৫টি<br>• (১৯জন কর্মকর্তা, ৩৬জন কর্মচারী) শূন্য পদের নিয়োগ কার্যক্রম ডিসেম্বর/২০২১ এর মধ্যে সম্পন্ন করা হয়।<br>• নিয়োগ কমিটির মতামতের ভিত্তিতে গত ৫ জানুয়ারি, ২০২২ তারিখ বোর্ড সভায় ৩৫ জন (০৮জন কর্মকর্তা ও ২৭ জন কর্মচারী) কে নিয়োগের জন্য সুপারিশ করা হয়।<br>• সুপারিশকৃত ৮জন কর্মকর্তার পুলিশ ভেরিফিকেশন শেষে নিয়োগ পত্র প্রদান করা হবে। এবং<br>• সুপারিশকৃত ২৭জন কর্মচারীকে নিয়োগ পত্র প্রদান করা হলে ২১জন কর্মচারী ০১ মার্চ, ২০২২ তারিখে যোগদান করেন।<br><br>**এনপিও :**<br>• মোট শূন্য পদ ১১টি।<br>• তন্মধ্যে ১২তম গ্রেডের ২টি, ১৩তম গ্রেডের ১টি, ১৪তম গ্রেডের ২টি, ১৬তম গ্রেডের ৫টি ও ২০তম গ্রেডের ১টি।<br>• ০২/০৩/২০২২ তারিখে অনুষ্ঠিত ডিপিসি'র সভায় অনলাইন পদ্ধতিতে আবেদনপত্র আহবানের সিদ্ধান্ত গৃহীত হয়। সিদ্ধান্ত মোতাবেক কার্যক্রম চলমান আছে।<br><br>**প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় :**<br>• উপ-পরিচালক (অর্থ ও প্রশাসন) (গ্রেড-৬), সহকারী পরিচালক (অর্থ) (গ্রেড-৯), সহকারী পরিচালক (প্রশাসন) (গ্রেড-৯), সহকারী প্রোগ্রামার (গ্রেড-৯), সাঁট লিপিকার কাম কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩), হিসাব রক্ষক (গ্রেড- | |

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>প্রদত্ত নির্দেশনা</th><th>গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ</th><th>বাস্তবায়ন অগ্রগতি</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ</th></tr>
<tr><th>১</th><th>২</th><th>৩</th><th>৪</th><th>৫</th></tr>
<tr><td></td><td></td><td>
প্রধান বয়লার পরিদর্শক:<br>
প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ে অনুমোদিত পদের সংখ্যা ১৪৬ টি, কর্মরত রয়েছে ১০৪ জন। শূন্য পদের সংখ্যা ৪২টি।<br>
শূন্য পদগুলি হচ্ছে
<table>
<tr><th>ক্রম</th><th>পদের নাম</th><th>পদের সংখ্যা</th></tr>
<tr><td>১</td><td>উপ-প্রধান বয়লার পরিদর্শক (গ্রেড-৬)</td><td>১টি</td></tr>
<tr><td>১</td><td>উপ-পরিচালক (অর্থ ও প্রশাসন) (গ্রেড-৬)</td><td>১টি</td></tr>
<tr><td>২</td><td>বয়লার পরিদর্শক (গ্রেড-৯)</td><td>৫টি</td></tr>
<tr><td>৩</td><td>সহকারী পরিচালক (অর্থ) (গ্রেড-৯)</td><td>১টি</td></tr>
<tr><td>৪</td><td>সহকারী পরিচালক (প্রশাসন) (গ্রেড-৯)</td><td>১টি</td></tr>
<tr><td>৫</td><td>সহকারী প্রোগ্রামার (গ্রেড-৯</td><td>১টি</td></tr>
<tr><td>৬</td><td>ব্যক্তিগত সহকারী</td><td>১টি</td></tr>
<tr><td>৭</td><td>সাঁটলিপিকার কামকম্পিউটার অপারেটর (গ্রেড-১৩)</td><td>১টি</td></tr>
<tr><td>৮</td><td>অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬)</td><td>১টি</td></tr>
<tr><td></td><td>বয়লার টেকনিশিয়ান (গ্রেড-১৬)</td><td>১টি</td></tr>
<tr><td>৯</td><td>হিসাবরক্ষক (গ্রেড-১৪)</td><td>১১টি</td></tr>
<tr><td>১০</td><td>ডাটা এন্ট্রিঅপারেটর (গ্রেড-১৬)</td><td>১টি</td></tr>
<tr><td>১১</td><td>ড্রাইভার (গ্রেড-১৬)</td><td>৬টি</td></tr>
<tr><td>১২</td><td>অফিস সহায়ক (গ্রেড-২০)</td><td>১০টি</td></tr>
<tr><td></td><td>মোট</td><td>৪২টি</td></tr>
</table>
<u>এসএমই ফাউন্ডেশন :</u><br>
• সহকারী ব্যবস্থাপক (Entry level) ও অফিস সহায়ক-এর শূন্যপদে নিয়োগের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম চলমান রয়েছে।
</td><td>
১৪), ব্যক্তিগত সহকারী (গ্রেড-১৪) ০১টি ও ডাটা এন্ট্রি অপারেটর (গ্রেড-১৬) এর শূন্য পদগুলো পূরণের জন্য নিয়োগবিধি প্রণয়ন করা প্রয়োজন।<br>
• জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৪/১১/২০১০ তারিখের পরিপত্র অনুযায়ী শূন্য পদের ১০% সংরক্ষণের বিধান মোতাবেক হিসাব রক্ষক (গ্রেড-১৪) এর ০১টি শূন্য পদ সংরক্ষিত। অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬) এর শূন্য পদটি পদোন্নতির জন্য সংরক্ষিত।<br>
• ড্রাইভার এর ০২ টি শূন্য পদে নিয়োগের জন্য সুপারিশকৃত ০২ জন প্রার্থীর মধ্যে ০১ জনকে গত ১৫/০৩/২০২২ তারিখ নিয়োগপত্র প্রদান করা হয়েছে। অপর ০১ জন প্রার্থীর স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদন ও পুলিশি তদন্ত প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে নিয়োগ প্রদান করা হবে।<br><br>
<u>এসএমই ফাউন্ডেশন :</u><br>
• এসএমই ফাউন্ডেশনের মোট অনুমোদিত পদ ১৫৩টি।<br>
• এর মধ্যে কর্মরত জনবল ৬৫টি, শূন্য পদ ৮৮টি।<br>
• সহকারী ব্যবস্থাপকের শূন্যপদের নিয়োগ পরীক্ষা ০৪ মার্চ ২০২২-এ সম্পন্ন করা হয়।<br>
• অফিস সহায়কের ০৪টি শূন্যপদের বিপরীত প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই-বাছাইকরণপূর্বক শর্টলিস্টেড প্রার্থীদের নিয়োগ পরীক্ষা গত ০৮ ফেব্রুয়ারি ২০২২ ফাউন্ডেশনের প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত হয়েছে। ২০ ফেব্রুয়ারি ২০২২-এ নতুন নিয়োগপ্রাপ্ত অফিস সহায়কগণ কর্মে যোগদান করেছে।
</td><td></td></tr>
<tr><td>১৪.</td><td>সরকারি অফিস/সংস্থায় সরকারি মালিকানাধীন প্রতিষ্ঠান কর্তৃক প্রস্তুতকৃত পণ্য সামগ্রী যথা- জীপগাড়ি, ট্রান্সফরমার, ক্যাবল ও ট্রাক্টর ব্যবহার (নির্দেশনা নং-১৪) ১২/৪/২০০৯খ্রি.</td><td>
বিএসইসি :<br>
বিএসইসি'র শিল্প কারখানা কর্তৃক উৎপাদিত টিউবলাইট, এনার্জি সেভিং ল্যাম্প (সিএফএল), বৈদ্যুতিক ট্রান্সফরমার, বিভিন্ন সাইজের ক্যাবলস ও কপার ওয়্যারস, মিৎসুবিসি পাজেরো কিউএক্স জীপ, ডাবল কেবিন পিক-আপ ইত্যাদি ব্যবহারের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা উল্লেখ করে বিভিন্ন সংস্থা/সরকারি দপ্তরে সরাসরি এবং পত্রযোগে অনুরোধ জ্ঞাপন করা হচ্ছে।
</td><td>
বিএসইসি :<br>
• বিএসইসি'র স্মারক নং-৩৬.৯৩.০০০০.০২০.৪৬.০৪৬. ২১.১১৮২ তারিখঃ ১৬-১১-২০২১ মারফত বিএসইসি'র অধীনস্থ শিল্প প্রতিষ্ঠানসমূহের উৎপাদিত পণ্য ডিপিএম এ ক্রয়ের জন্য সেনা সদর, ঢাকা সেনানিবাসকে অনুরোধ জানানোর নিমিত্ত শিল্প মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।<br>
• বিএসইসি'র স্মারক নং-৩৬.৯৩.০০০০.০২০.৪৬.০৪৬. ২১.১১৬০ তারিখঃ ১২-১০-২০২১ মারফত বিএসইসি'র অধীনস্থ শিল্প প্রতিষ্ঠান ইষ্টার্ণ কেবলস লিমিটেড এবং গাজী ওয়্যারস লিমিটেডের উৎপাদিত পণ্য ডিপিএম এ ক্রয়ের অনুরোধ জানিয়ে চেয়ারম্যান, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) কে পত্র প্রেরণ করা হয়েছে।
</td><td>শিল্প মন্ত্রণালয়/ বিএসইসি ও অন্যান্য দপ্তর/ সংস্থা</td></tr>
</table>

| ক্রঃ নং | প্রদত্ত নির্দেশনা | গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | **বিএসএফআইসি :**<br>করপোরেশনের নিয়ন্ত্রণাধীন চিনিকলসমূহকে সরকারি মালিকানাধীন বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান হতে মালামাল ক্রয় করার নির্দেশনা দেয়া আছে। | • একই স্মারক তারিখ মারফত বিএসইসি'র অধীনস্থ শিল্প প্রতিষ্ঠান ইষ্টার্ণ কেবলস লিমিটেড এর উৎপাদিত পণ্য ডিপিএম এ ক্রয়ের অনুরোধ জানিয়ে চেয়ারম্যান, ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি, খুলনা, চেয়ারম্যান, নর্থ ওয়েস্ট পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি ঢাকা, নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা), চেয়ারম্যান, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এবং চেয়ারম্যান, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড (DESCO) কে পত্র প্রেরণ করা হয়েছে।<br>• বিএসইসি'র অধীনস্থ শিল্প প্রতিষ্ঠানসমূহের উৎপাদিত পণ্য ব্যবহার সংক্রান্ত বিষয়ে বিভিন্ন ক্রেতা প্রতিষ্ঠান (ডেসা, ডেসকো, বিআরইবি, বিপিডিবি, ওয়েস্ট জোন পাওয়ার কোম্পানি, ওয়াসা, গ্যাস কোম্পানি ইত্যাদি) এর সাথে নিয়মিত যোগাযোগ রাখা হচ্ছে।<br>**বিএসএফআইসি :**<br>➢ চিনিকলে চিনি উৎপাদনে ব্যবহৃত রিফাইন্ড সালফার সরকারি মালিকানাধীন শিল্প প্রতিষ্ঠান টিএসপি কমপ্লেক্স, চট্টগ্রাম থেকে ক্রয় করা হয়।<br>➢ আখ উৎপাদনে ব্যবহৃত সার বিএডিসি এবং বিসিআইসি থেকে ক্রয় করে চাষিদের মধ্যে বিতরণ করা হয়।<br>➢ পদ্মা অয়েল কোং লি. হতে কীটনাশক ক্রয় করা হয়।<br>➢ চিনিকলে রক্ষণাবেক্ষণ ও মেরামত কাজে ব্যবহৃত দেশের অভ্যন্তরে প্রাপ্ত যন্ত্রপাতি ও যন্ত্রাংশসমূহ সরকারের নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠান রেণউইক যজ্ঞেশ্বর অ্যান্ড কোং (বিডি) লি., বিটাক (ঢাকা, খুলনা) ও খুলনা শিপইয়ার্ড থেকে তৈরি/মেরামত করা হয়।<br>➢ নতুন গাড়ি ক্রয়ের ক্ষেত্রে প্রগতি ইন্ডাস্ট্রিজ লি. থেকে গাড়ি ক্রয়ের নির্দেশনা অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।<br>➢ বিএসএফআইসি'র নিয়ন্ত্রণাধীন চিনিকলসমূহকে সরকারি মালিকানাধীন বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান হতে মালামাল ক্রয় করার নির্দেশনা দেয়া আছে।<br>**বিটাক**:<br>নির্দেশ অনুসারে সরকারি মালিকানাধীন প্রতিষ্ঠান-এর প্রস্তুতকৃত পণ্য সামগ্রী বিটাক ক্রয় করছে। | |
| ১৫. | মুন্সিগঞ্জ জেলার গজারিয়ায় ২০০ একর জমি অধিগ্রহণের মাধ্যমে Active Pharmacuticals Ingredients (API) শিল্পপার্ক স্থাপন **(নির্দেশনা নং-১৫)** ১২/৪/২০০৯খ্রি. | এ্যাকটিভ ফার্মাসিউটিক্যাল ইনগ্রেডিয়েন্ট (এপিআই) শিল্প পার্ক (৩য় সংশোধিত)' প্রকল্প গ্রহণ করা হয়।<br><br>**বাস্তবায়ন মেয়াদ** : জানুয়ারি ২০০৮ হতে জুন ২০২১ পর্যন্ত। | • মোট প্রকল্প ব্যয় ৩৮১০০.০০ লক্ষ টাকা এবং জুন, ২০২১ ক্রমপুঞ্জিত ব্যয় ২৮৩২০.৪৪ লক্ষ টাকা।<br><br>**প্রকল্পের বর্তমান অবস্থা :**<br>• **প্রকল্পটি জুন ২০২১ এ সমাপ্ত হয়েছে।** | বিসিক |

| ক্রঃ নং | প্রদত্ত নির্দেশনা | গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১৬. | চামড়া শিল্প প্রকল্পের আওতায় কেন্দ্রীয় শোধনাগার ও ডাম্পিং ইয়ার্ড নির্মাণ<br><br>**(নির্দেশনা নং-১৬)**<br>১২/৪/২০০৯খ্রি. | ঢাকার জেলার সাভার উপজেলার কান্দিবৈলারপুর ও চন্দ্রনারায়নপুর মৌজা এবং কেরানীগঞ্জ উপজেলার চরনারায়নপুর মৌজায় ১৯৯.৪০ একর জমি নিয়ে ১৭৫.৭৫ কোটি টাকা ব্যয়ে "চামড়া শিল্পনগরী, ঢাকা" শিরোনামে প্রকল্প গ্রহণ করা হয়।<br>পরবর্তীতে ৪র্থ সংশোধনী ব্যয় ১০১৫.৫৬ কোটি টাকা নির্ধারণ করা হয়েছে।<br>**বাস্তবায়নের মেয়াদ** : জানুয়ারি ২০০৩ হতে জুন ২০২১ | **প্রকল্পের বর্তমান অবস্থা :**<br>মোট প্রকল্প ব্যয় ১০১৫৫৬.০০ লক্ষ টাকা এবং জুন, ২০২১ ক্রমপুঞ্জিত ব্যয় ৯৬২২৮.৭৬ লক্ষ টাকা।<br>মাননীয় প্রধানমন্ত্রী গত ০৬ নভেম্বর ২০১৮ তারিখে ভিডিও কনফারেন্স এর মাধ্যমে প্রকল্পটি উদ্বোধন করেছেন।<br>অগ্রগতির হারঃ আর্থিক ৯৫% এবং বাস্তব ১০০%।<br>▪ **প্রকল্পটি জুন ২০২১ এ সমাপ্ত হয়েছে।** | বিসিক |
| ১৭. | বিএসটিআই সম্প্রসারণ ও শক্তিশালীকরণ (জেলা ৫)<br><br>**(নির্দেশনা নং-১৭)**<br>১২/৪/২০০৯খ্রি. | ●৫টি জেলা যথা: (১) ফরিদপুর, (২) রংপুর, (৩) ময়মনসিংহ, (৪) কক্সবাজার ও (৫) কুমিল্লায় বিএসটিআইএর আঞ্চলিক অফিস সম্প্রসারন ও শক্তিশালীকরণ প্রকল্প গ্রহণ করা হয়েছে এবং ৩য় সংশোধিত প্রকল্পটি গত ২৭ সেপ্টেম্বর ২০১৮ তারিখে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়।<br><br>**মেয়াদ :** জুলাই ২০১১ হতে ডিসেম্বর ২০১৯। | ● 'বিএসটিআই সম্প্রসারণ ও শক্তিশালীকরণ (৫ জেলা) (৩য় সংশোধিত)' প্রকল্পটি বাস্তবায়নাধীন আছে।<br>● অনুমোদিত প্রকল্প ব্যয় ৫১৪৪.৫০ লক্ষ টাকা।<br>● বাস্তবায়ন মেয়াদকালঃ জুলাই ২০১১ হতে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত।<br>● ২০১৯-২০২০ অর্থ বছরের আরএডিপি বরাদ্দ ৭৭০.০০ লক্ষ টাকা।<br>● প্রকল্পের অনুকূলে ডিসেম্বর, ২০১৯ ক্রমপুঞ্জিত ব্যয় ৪৮৫৯.১৬ লক্ষ টাকা।<br>● অগ্রগতির হারঃ আর্থিক ৯৪.৪৫%, বাস্তব ১০০%।<br>**প্রকল্পের বর্তমান অবস্থাঃ**<br>প্রকল্পের আওতায় নির্ধারিত ভবনসমূহের নির্মাণকাজ এবং ল্যাবরেটরিসমূহের যন্ত্রপাতি সংগ্রহের কার্যক্রম সম্পন্ন হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী ভিডিও কনফারেন্স এর মাধ্যমে ফরিদপুর কেন্দ্রটি উদ্বোধন করেছেন।<br>**প্রকল্পটি ডিসেম্বর ২০১৯ এ সমাপ্ত হয়েছে।** | বিএসটিআই। |
| ১৮. | কৃষিজাত পণ্য প্রক্রিয়াকরণে বিএসটিআই এর মান নিয়ন্ত্রণ<br>**(নির্দেশনা নং-১৮)**<br>১২/৪/২০০৯খ্রি. | কৃষিজাত পণ্য প্রক্রিয়াকরণে বিএসটিআই'র মান নিয়ন্ত্রণ কাযক্রম গ্রহণ করা হয়েছে। | **কৃষি ও খাদ্যজাত পণ্যের মান নিয়ন্ত্রণে গৃহিত কার্যক্রম:**<br>(ক) কৃষিজাত পণ্য প্রক্রিয়াকরণে বিএসটিআই'র মান নিয়ন্ত্রণ মোবাইল কোর্ট পরিচালনা:<br>□ বিএসটিআই'র কার্যক্রম কৃষি ও খাদ্যজাত পণ্যের সাথে প্রত্যক্ষভাবে সংশ্লিষ্ট নয়। তবে বিএসটিআই'র কার্যক্রম কৃষি ও খাদ্যজাত পণ্য প্রক্রিয়াকরণেরক্ষেত্রে প্রসেস ফুডের মান নিয়ন্ত্রণ কার্যক্রমের সাথে প্রত্যক্ষভাবে সংশ্লিষ্ট। বিএসটিআই মানসনদের আওতাভুক্ত বাধ্যতামুলক ২২৯টি পণ্যের মধ্যে কৃষি ও খাদ্যজাত পণ্যসহ মোট পণ্যের সংখ্যা ৭৬টি। যার মধ্যে কৃষিপণ্য ৪টি ও খাদ্যজাত পণ্য ৭২টি। উক্ত কার্যক্রমের আওতায় গত ফেব্রুয়ারি, ২০২২ মাসে বিএসটিআই গৃহীত কার্যক্রমের বিবরণ নিম্নরূপ:<br>● কৃষি ও খাদ্যজাত পণ্যের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনার সংখ্যা: ৬৩টি;<br>● কৃষি ও খাদ্যজাত পণ্যের বিরুদ্ধে পরিচালিত মোবাইল কোর্টের মাধ্যমে মামলা দায়েরের সংখ্যা: ৯৭টি;<br>● কৃষিজাত প্রতিষ্ঠানের বিরুদ্ধে জরিমানা আদায়ের পরিমাণ: মোট ২৭ লক্ষ ৬০ হাজার টাকা;<br>● কারখানা সিলগালা ২ টি এবং বিভিন্ন মেয়াদে কারাদন্ড ১ জন।<br>● করোনা পরিস্থিতিতে মানসম্মত পণ্য উৎপাদন ও সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার মাধ্যমে সকল উৎপাদক ও সরবরাহকারী প্রতিষ্ঠানকে সতর্ক করার লক্ষ্যে বিজ্ঞাপন প্রচার করা হচ্ছে। পাশাপাশি ভোক্তা সাধারণের জন্য নিরাপদ ও মানসম্পন্ন খাদ্যপণ্য সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে বিএসটিআইয়ের জরুরী সেবা কার্যক্রম এবং দেশী ও আমদানিকৃত পন্যের নমুণা সংগ্রহ, পরীক্ষন ও লাইসেন্স/ছাড়পত্র প্রদান সংক্রান্ত সেবা অব্যাহত রয়েছে। **এটি একটি চলমান প্রক্রিয়া।** | বিএসটিআই। |

| ক্রঃ নং | প্রদত্ত নির্দেশনা | গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১৯. | বন্ধঘোষিত কল কারখানা পুনঃ চালুকরণ<br><br>**(নির্দেশনা নং-১৯)**<br>১২/৪/২০০৯খ্রি. | **বাংলাদেশ ইনস্যুলেটর ও স্যানিটারিওয়্যার ফ্যাক্টরি লি. (বিআইএসএফ), মিরপুর, ঢাকা।**<br>• মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে গত ২৬ আগষ্ট ২০১৫ তারিখে 'জাতীয় শিল্প উন্নয়ন পরিষদ (NCID)' এর সভা অনুষ্ঠিত হয় এবং সভায় ঢাকার মিরপুরস্থ BISFL কে অন্যত্র স্থানান্তরের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>• উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে বিজয়পুরস্থ সাদামাটি প্রকল্পের উদ্ভূত সমস্যা সমাধান করতঃ বর্তমান বাজার চাহিদার আলোকে গাজীপুরের খিলগাঁও নারায়নকূল মৌজায় প্রায় ৪২ একর জমি নির্ধারণ করা হয়েছে | (১) চিটাগাং কেমিক্যাল কমপ্লেক্স লি. পুনরায় চালুকরণ বিষয়ে বিস্তারিত তথ্যাদি নির্দেশনা ক্রমিক নং ৮(২)-এ বর্ণনা করা হয়েছে।<br>(২) খুলনা নিউজপ্রিন্ট মিলস্ লি. পুনরায় চালুকরণ বিষয়ে বিস্তারিত তথ্যাদি নির্দেশনা ক্রমিক নং ৭-এ বর্ণনা করা হয়েছে।<br>(৩) ঢাকা লেদার কো. লি. পুনরায় চালুকরণ বিষয়ে বিস্তারিত তথ্যাদি নির্দেশনা ক্রমিক নং ৮(৪)-এ বর্ণনা করা হয়েছে।<br>**(৪) বাংলাদেশ ইনস্যুলেটর ও স্যানিটারিওয়্যার ফ্যাক্টরি লি. ,(বিআইএসএফ) মিরপুর ,ঢাকা।**<br>বিআইএসএফ কারখানাটি অন্য কোথাও স্থানান্তরের বিষয়ে আর্থ-কারিগরি সম্ভাব্যতা সমীক্ষা সম্পাদনের নিমিত্ত EOI আহবান করা হবে। বর্তমানে উহার কার্যক্রম চলমান রয়েছে।<br>• পাশাপাশি বিআইএসএফ-কে ৩/৪ বছর চালু রাখার জন্য একটি কর্মসূচী হাতে নেয়া হয়েছে। এ প্রেক্ষাপটে BISF এ BMR পদ্ধতিতে ১৯ আইটেম ক্রয়ের ব্যাপারে Consultant নিয়োগ নিমিত্ত গত ১৯-১০-২০২১ তারিখ EOI নোটিশটি সংবাদপত্র ও CPTU এর website এ প্রকাশিত হয় এবং ১৫-১১-২০২১ তারিখ পর্যন্ত EOI সিডিউল গ্রহণ করা হয়েছে। ০৪ (চার)টি প্রতিষ্ঠান EOI দরপত্র দাখিল করেছে এবং যাচাই-বাছাই শেষে ৪টি প্রতিষ্ঠানকে Short Listed করা হয়েছে। বর্তমানে RFP Document প্রণয়নের কার্যক্রম চলমান রয়েছে। | বিসিআইসি |
| ২০. | চিনি আমদানি : বিএসএফআইসি বেসরকারী খাতের পাশাপাশি চিনি আমদানির কার্যক্রম গ্রহণ করবে।<br>**নির্দেশনা নং-২০)**<br>১২/০৪/২০০৯ | সরকারের নির্দেশনায় ২৮-০৯-২০১৭ এবং ১২-১১-২০১৭ তারিখের চুক্তি অনুযায়ী অনুমোদিত ১ লক্ষ (°১০%) মে.টন চিনি আমদানির বিপরীতে ১০৭৮৯২.১৫০ মে.টন চিনি আমদানি করা হয়। ইতোমধ্যে ১০৭৮৯২.১৫০ মে.টন বিক্রয় হয়েছে। | • নির্দেশনা ইতোমধ্যে প্রতিপালন হয়ে গিয়েছে এবং শিল্প মন্ত্রণালয় হতে গত ২৭/১০/২০২০ তারিখে ৩৬.০৪.০০০০.০৫১.১৬. ০০৮.২০-৫২২ নং স্মারকের মাধ্যমে প্রধানমন্ত্রীর কার্যালয়কে অনুরোধ জানানো হয়েছে। এতদবিষয়ে পরবর্তী কোন নির্দেশনা এখন পর্যন্ত পাওয়া যায়নি। | বিএসএফআইসি |
| ২১. | চিনিকলে পাওয়ার জেনারেশনের ব্যবস্থা করা<br><br>**(নির্দেশনা নং-২১)**<br><br>১২/০৪/২০০৯ | "নর্থবেঙ্গাল চিনিকলে কো-জেনারেশন পদ্ধতিতে বিদ্যুৎ উৎপাদন ও সুগার রিফাইনারি স্থাপন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পটির বিষয়ে পরিকল্পনা কমিশনে ০৩-০১-২০২১ তারিখে পিইসি সভা অনুষ্ঠিত হয়। সভায় আলোচ্য প্রকল্প দ্রুত সমাপ্ত করে নর্থবেঙ্গাল চিনিকলকে লাভজনক প্রতিষ্ঠানে রূপান্তর করার লক্ষ্যে নতুন প্রকল্প গ্রহণ করার জন্য একটি সমীক্ষা প্রকল্প গ্রহণপূর্বক পূর্নাঙ্গ সম্ভাব্যতা পরীক্ষা (Feasibility study) করণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উক্ত সিদ্ধান্তের আলোকে 'নর্থবেঙ্গাল চিনিকল আধুনিকীকরণ ও উৎপাদন বহুমুখীকরণের সম্ভাব্যতা সমীক্ষা ' (প্রাক্কলিত ব্যয় : ৪৯৬.০০ লক্ষ টাকা, মেয়াদ কাল: অক্টোবর ২০২১ - ডিসেম্বর ২০২২ পর্যন্ত) প্রকল্প প্রস্তাবের উপর বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটি (ডিপিইসি) সভা অনুষ্ঠিত হয়। ডিপিইসি সভার সিদ্ধান্ত মোতাবেক প্রকল্প প্রস্তাব পুনর্গঠন কাজ চলমান। | বিএসএফআইসি |
| ২২. | র-সুগার আমদানি<br>**(নির্দেশনা নং-২২)**<br>১২/৪/২০০৯খ্রি. | "ঠাকুরগাও চিনিকলের পুরাতন যন্ত্রপাতি প্রতিস্থাপন এবং সুগার বিট থেকে চিনি উৎপাদনের প্রয়োজনীয় যন্ত্রপাতি সংযোজন (১ম সংশোধিত)" এবং "নর্থবেঙ্গাল চিনিকলে কো-জেনারেশন পদ্ধতিতে বিদ্যুৎ উৎপাদন ও সুগার রিফাইনারি স্থাপন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পদ্বয়ের সাথে রিফাইন্ড সুগার উৎপাদনের পরিকল্পনা ছিল। তবে | সিদ্ধান্ত মোতাবেক প্রকল্পদ্বয়ের উপর বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটি (ডিপিইসি)অনুষ্ঠিত হয়েছে। ডিপিইসি সভার সিদ্ধান্ত মোতাবেক প্রকল্প প্রস্তাব পুনর্গঠন কাজ চলমান আছে। | বিএসএফআইসি |

| ক্রঃ নং | প্রদত্ত নির্দেশনা | গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | পরিকল্পনা কমিশনের নির্দেশনা অনুযায়ী বর্ণিত প্রকল্পদ্বয়ের কার্যক্রম অসমাপ্ত রেখে সমাপ্ত করে নতুন ভাবে ঠাকুরগাঁও ও নর্থবেঙ্গাল চিনিকলে সমীক্ষা প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত দেয়া হয়েছে। | | |
| ২৩. | রুগ্ন শিল্পের পুর্নবাসন **(নির্দেশনা নং-২৩)** ১২/৪/২০০৯খ্রি. | প্রকৃত রুগ্নশিল্পের সংখ্যা নিরুপন ও রুগ্ন হওয়ার কারণ উদঘাটনের জন্য শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন বিআইএম-কে একটি সমীক্ষা করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | ● প্রকৃত রুগ্নশিল্পের সংখ্যা নিরুপন ও রুগ্ন হওয়ার কারণ উদঘাটনের প্রস্তাবিত বাজেটের উপর গত মার্চ/২০২১ এর মধ্যে শিল্প মন্ত্রণালয়ে দুই দফায় বাজেট রিভিউ মিটিং অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ২০২১-২২ অর্থ বছরে উক্ত গবেষণা সম্পাদনের জন্য ৫০ লক্ষ টাকা বাজেট বরাদ্দ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | শিল্প মন্ত্রণালয়/ বিআইএম। |
| ২৪. | “রুগ্ন শিল্প প্রতিষ্ঠানসমূহের জমি লাভজনক শিল্প প্রতিষ্ঠান স্থাপনের নিমিত্ত ব্যবহার করতে হবে” <br><br> **(নির্দেশনা নং-২৪)** ২২/০৫/২০১৮ | ➢ ঠাকুরগাঁও চিনিকল ও নর্থবেঙ্গাল চিনিকলকে লাভজনক প্রতিষ্ঠানে রূপান্তর করার লক্ষ্যে নতুন প্রকল্প গ্রহণ করার নিমিত্ত চিনিকলদ্বয়ে সমীক্ষা প্রকল্প গ্রহণের জন্য যাচাই কমিটির সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠনের কার্যক্রম চালমান। <br> ➢ কেরু অ্যান্ড কোম্পানীতে একটি আধুনিক "অনুজীব ল্যাবরেটরি স্থাপন ও কেরু ডিষ্টিলারি কারখানার জন্য একটি ইটিপি স্থাপন" প্রকল্প গ্রহণের নির্দেশনামতে ডিষ্টিলারি কারখানার জন্য ইটিপি প্রকল্প স্থাপনার কাজে কেরু ডিষ্টিলারির ইফ্লুয়েন্ট/বর্জ্য বুয়েট, ঢাকাতে অ্যানালাইসিস করার জন্য প্রদান করা হয়েছে। এ বিষয়ে বুয়েটের রিসোর্স পার্সোনসহ সভা করা হয়েছে, সভার নির্দেশনা অনুযায়ী নতুন ভাবে ড্রয়িং ডিজাইন প্রণয়ন কাজ চলমান। <br> এছাড়াও বিদেশী প্রতিষ্ঠানের সাথে বিএসএফআইসি’র ৩টি MoU স্বাক্ষরিত হয়েছে এবং বেশ কছু বিনিয়োগ প্রস্তাব রয়েছে সেগুলোর মূল্যায়ন কার্যক্রম চলমান। <br> **বিসিক:** <br> রুগ্ন শিল্প প্রতিষ্ঠানের তালিকা প্রণয়ন এবং রুগ্ন শিল্প ইউনিট চালু করার কার্যক্রম চলমান রয়েছে। | **বিএসএফআইসি:** <br> বিদেশী প্রতিষ্ঠানের সাথে বিএসএফআইসি’র ৩টি MoU স্বাক্ষরিত হয়েছে। যেগুলোর মধ্যে <br> (১) Sharkara International of UAE, (Sugar International Consortium নামে নতুন Consortium গঠন করা হয়েছে। <br> (২) International Company for Water and Power Projects (ACWA), সৌদি আরব কর্তৃক দাখিলকৃত Feasibility study-সহ প্রস্তাবনার পরিপ্রেক্ষিতে রংপুর চিনিকলের ১৮৩২ একর জমি বেপজাকে হস্তান্তর করা হলে বর্তমানে উক্ত প্রস্তাবনার জন্য প্রয়োজনীয় ৮৪৪ একর জমি প্রদানের সুযোগ না থাকায় এবিষয়ে পরবর্তী সিদ্ধান্তের অপেক্ষায় আছে এবং <br> (৩) VSS Consultancy & Management BV, নেদারল্যান্ড] এর Feasibility study-এর কাজ চলমান। এছাড়াও বেশ কছু বিনিয়োগ প্রস্তাব রয়েছে সেগুলোর মূল্যায়ন কার্যক্রম চলমান। <br><br> **বিসিক:** <br> ▪ বিসিকের ৭৯ টি শিল্পনগরীতে শিল্প প্লট ১১,৬৩৬টি, শিল্প ইউনিট ৫,৯৯৮টি, বরাদ্দকৃত প্লটের উৎপাদনরত শিল্প ইউনিট ৪,৭৬৯টি, রুগ্ন শিল্প ইউনিট ৫৯৪টি। <br> ▪ ২০২১-২২ অর্থ বছরের ফেব্রুয়ারি ২০২২ পর্যন্ত রুগ্ন শিল্প ইউনিট চালু হয়েছে মোট ৪০টি। | বিসিআইসি/ বিসিক/ <br><br> বিএসএফআই সি |
| ২৫. | আখের বিকল্প হিসেবে সুগার বিটের মাধ্যমে চিনি উৎপাদনের উদ্যোগ নিতে হবে। কৃষি মন্ত্রণালয় সুগার বিট বীজ সরবরাহ করবে। সুগার বিটের মাধ্যমে চিনি উৎপাদনের উদ্যোগ নেয়া গেলে চিনিকলগুলি সারা বছর পরিচালনা করা সম্ভব হবে। **(নির্দেশনা নং-২৫)** ২২/৫/২০১৮ খ্রি. | “ঠাকুরগাও চিনিকলের পুরাতন যন্ত্রপাতি প্রতিস্থাপন এবং সুগার বিট থেকে চিনি উৎপাদনের প্রয়োজনীয় যন্ত্রপাতি সংযোজন” শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়েছে। | ➢ উক্ত প্রকল্পের যাচাই কমিটির সভা ১৬-০৮-২০২১ তারিখে অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্প প্রস্তাব পুনর্গঠন করে ৩১ অক্টোবর ২০২১ তারিখে শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। উক্ত প্রকল্পের উপর বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটি (ডিপিইসি) সভা ২৩-০১-২০২২ তারিখে অনুষ্ঠিত হয়। ডিপিইসি সভার সিদ্ধান্ত মোতাবেক প্রকল্প প্রস্তাব পুনর্গঠন কাজ চলমান। এ প্রকল্প বাস্তবায়ন হলে বিট হতে চিনি উৎপাদন কার্যক্রম চলবে। <br> ➢ সুগার বিট পরীক্ষামূলকভাবে বিএসআরআই এর মাধ্যমে সুগারমিলসমূহের খামারে চাষ করা হচ্ছে। তাদের সাথে বিএসএফআইসির যোগাযোগ আছে। বিএসআরআই হতে জানা যায় যে, বাংলাদেশের আবহাওয়ায় ট্রপিক্যাল সুগারবিট চাষাবাদ সম্ভব। সুগার বিট ব্যবহারের প্লান্ট/ক্ষেত্র না থাকায় ব্যাপকভাবে চাষাবাদ করা হচ্ছে না। | বিএসএফআই সি |

| ক্রঃ নং | প্রদত্ত নির্দেশনা | গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ২৬. | রাজশাহী ও চট্টগ্রামে আরও ২টি চামড়া শিল্পনগরী স্থাপন<br><br>**(নির্দেশনা নং-২৬)**<br><br>০৭/১১/২০১৭ | আগামী ২ (দুই) মাসের মধ্যে স্থান নির্ধারণ করে ডিপিপি প্রণয়নের কাজ করবে। | **বিসিক লেদার এন্ড লাইট ইঞ্জিনিয়ারিং শিল্পপার্ক, মিরসরাই, চট্টগ্রাম**<br>▪ মিরসরাই বেজা হতে জমি বরাদ্দের উদ্যোগ গ্রহণ করা হলে বেজা থেকে জানানো হয় যে, জমি বরাদ্দ প্রদান করা সম্ভব নয়।<br>▪ বিসিক চেয়ারম্যান মহোদয় ১৬-০৭-২০২১ তারিখে মিরসরাইতে বেজার অর্থনৈতিক অঞ্চল সংলগ্ন নতুন জায়গা পরিদর্শন করেন।<br>▪ উক্ত জমি অধিগ্রহণের সম্মতি চেয়ে জেলা প্রশাসক, চট্টগ্রাম বরাবর ৩১-০৭-২০২১ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে।<br>▪ উল্লেখ্য প্রকল্পটি ২০২১-২২ অর্থবছরের সবুজপাতাভুক্ত নয়।<br>**"বিসিক লেদার এন্ড ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রিয়াল পার্ক, রাজশাহী"**<br>▪ প্রকল্পের যাচাই বাছাই কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী CETP স্থাপনের সম্ভাব্যতা, পানির উৎস, শিল্প নগরীতে ব্যবহৃত পানি পরিবেশ সম্মতভাবে ডিসচার্জ করার পর্যাপ্ত সুবিধা, গ্যাসের প্রাপ্যতা ইত্যাদি বিষয়গুলো যাচাইকরণের জন্য অতিরিক্ত সচিব, শিল্প মন্ত্রণালয় এর নেতৃত্বে গঠিত ৪ (চার) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে।<br>▪ কমিটির সুপারিশের আলোকে রাজশাহী- নওগাঁ/রাজশাহী- নাটোর মহাসড়কের পাশে ৫০০ একর জমি বরাদ্দের সম্মতিপত্রের জন্য জেলা প্রশাসক রাজশাহী বরাবর পত্র প্রেরণ করা হলে জেলা প্রশাসন থেকে রাজশাহী জেলার পুঠিয়া উপজেলাধীন স্বরূপনগর ও ভরুয়াপাড়া মৌজায় মাত্র ১২৪.২১০১ একর জমির মূল্যসহ সম্মতিপত্র পাওয়া গেছে।<br>▪ প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শনকরত প্রকল্প এলাকার লে-আউট ডিজাইন, ড্রইং এবং পূর্তকাজের প্রাক্কলনের কাজ চলমান।<br>▪ ২০২২-২৩ অর্থবছরের এডিপিতে প্রকল্পটি প্রস্তাব করা হয়েছে। | বিসিক |
| ২৭. | সাভার চামড়া শিল্পনগরীতে শ্রমিকদের আবাসনের ব্যবস্থা গ্রহণ<br>**(নির্দেশনা নং-২৭)**<br>০৬/১১/২০১৮ | বিদ্যমান চামড়া শিল্পনগরী সংলগ্ন এলাকায় আরও ২০০ একর জমি অধিগ্রহণ করার মাধ্যমে "বিসিক লেদার ইন্ডাস্ট্রিয়াল পার্ক, ঢাকা" শীর্ষক প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ নেয়া হয়েছে যাতে শ্রমিকদের আবাসনের ব্যবস্থা রাখা হবে। আগামী ১ (এক) মাসের মধ্যে প্রতিবেদন দাখিল করতে হবে। | • 'বিসিক লেদার ইন্ডাস্ট্রিয়াল পার্ক, ঢাকা' শীর্ষক প্রস্তাবিত প্রকল্পের উপর ০৭/০৪/২০২১ তারিখে পিইসি সভা অনুষ্ঠিত হয়।<br>• পিইসি সভার কার্যবিবরণীর ৬.১ অনুচ্ছেদে বর্ণিত প্রকল্পের আর্থ-সামাজিক, কারিগরি ও অর্থনৈতিক বিশ্লেষণের জন্য একটি কারিগরী সমীক্ষা প্রকল্প গ্রহণের নির্দেশনা দেয়া হয়। TAPP এর পরিবর্তে সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প গ্রহণের জন্য পরিকল্পনা কমিশন থেকে অনুমতি গ্রহণপূর্বক প্রস্তাব ২৩/১১/২০২১ তারিখে শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হলে যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়।<br>• সভার সিদ্ধান্তানুসারে 'বিসিক লেদার ইন্ডাস্ট্রিয়াল পার্ক, ঢাকা'-এর পরিবেশগত, প্রযুক্তিগত ও আর্থ-সামাজিক প্রভাব সম্পর্কিত সম্ভাব্যতা সমীক্ষার প্রস্তাব শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হলে ০৭/০২/২০২২ তারিখে সচিব, শিল্প মন্ত্রণালয়ের সভাপতিত্বে ডিপিইসি সভা অনুষ্ঠিত হয়।<br>• সভার কার্যবিবরণী পাওয়া গেছে। কার্যবিবরণী অনুযায়ী দ্রুতই সম্ভব্যতা সমীক্ষার প্রস্তাব পুর্নগঠন করে প্রেরণ করা হবে।<br>সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্পের সুপারিশের আলোকে 'বিসিক লেদার ইন্ডাস্ট্রিয়াল পার্ক, ঢাকা ' শীর্ষক প্রস্তাবিত ডিপিপি পুনর্গঠন করে প্রেরণ করা হবে। উক্ত ডিপিপিতে শিল্পনগরীর শ্রমিকদের জন্য আবাসনের সংস্থান (৬.৫৯ একর জায়গা) রাখা হয়েছে। | বিসিক |

| ক্রঃ নং | প্রদত্ত নির্দেশনা | গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ২৮. | চামড়া শিল্পখাতে কর্মরত শ্রমিক ও পশু কোরবানির কাজে নিয়োজিত জনগোষ্ঠীর জন্য যথাযথ প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ **(নির্দেশনা নং-২৮)** ০৬/১১/২০১৮ | এ বিষয়ে সচেতনতামূলক প্রশিক্ষণ/ওয়ার্কশপ/সেমিনার বাস্তবায়নের জন্য মহাপরিচালক ,প্রাণিসম্পদ অধিদপ্তর-কে অনুরোধ জানানো হয়েছে। | ▪ চামড়া শিল্পখাতে কর্মরত শ্রমিক ও পশু কোরবানির কাজে নিয়োজিত জনগোষ্ঠীর জন্য প্রস্তাবিত চামড়া শিল্পনগরী, ঢাকা (৪র্থ সংশোধনী) তে অন্তর্ভুক্ত করা হলে পরিকল্পনা কমিশন গত ০৭-০৮-২০১৯ তারিখে অনুষ্ঠিত পিইসি সভায় এ ধরণের প্রশিক্ষণ কার্যক্রমটি ডিপিপি থেকে বাদ দিতে নির্দেশনা প্রদান করে। পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী ব্যবস্থা নেয়া হয়েছে। তবে “বিসিক লেদার ইন্ডাস্ট্রিয়াল পার্ক, ঢাকা”তে এই ধরনের প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করার জন্য একটি লেদার ইনস্টিটিউট করার প্রস্তাব করা হয়েছে। এজন্য শিল্প নগরীতে ২.৪১ একর জায়গার সংস্থান রাখা হয়েছে। উদ্যোক্তাদের অর্থায়নে এ প্রশিক্ষণ ইনস্টিটিউট নির্মাণ করা হবে। | বিসিক |

**বাস্তবায়িত নির্দেশনাসমূহ:**

| ক্রঃ নং | প্রদত্ত নির্দেশনা | নির্দেশনা প্রদানের সময় | গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৭ |
| ০১. | জেলা ভিত্তিক প্রাকৃতিক সম্পদ এবং সম্ভাবনা চিহ্নিত করে ক্ষুদ্র ও মাঝারি শিল্প কারখানা স্থাপনের উদ্যোগকে উৎসাহিত করতে হবে। | ১৮/১০/২০১৬ খ্রি. | | - | বাস্তবায়িত |
| ০২. | প্রতিটি বিসিক শিল্প এলাকায় একটি জলাধার/লেক/পুকুর/খালের সংস্থান রাখতে হবে যাতে বৃষ্টির পানি সংরক্ষণ ও ব্যবহার করা যায়। | ০১/১২/২০১৫ খ্রি. | | - | বাস্তবায়িত |
| ০৩. | "দেশের জনগণের ক্রয়ক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে কর্মসংস্থান সৃষ্টির জন্য ক্ষুদ্র ও মাঝারি শিল্প অধিক সংখ্যায় স্থাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।" | ০৫/৩/২০১৮ খ্রি. | | - | বাস্তবায়িত |
| ০৪. | যেসব জমি অনুর্বর অথবা ফসল কম হয় সে সব জমি শিল্প ও বাণিজ্যিক কাজে ব্যবহার করা ও দেশের উত্তরাঞ্চলে শিল্পায়নের জন্য জমি নির্দিষ্ট করে দিতে হবে। | ১৮/০৯/২০১৪ খ্রি. | | - | বাস্তবায়িত |
| ০৫. | শ্রমঘন শিল্পের বিকাশে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ, অধিক সংখ্যক কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ক্ষুদ্র ও মাঝারি শিল্পকে গুরুত্বারোপ, শিল্পনীতিতে সহায়ক সুযোগ রাখা এবং শিক্ষিত জাতির কর্মসংস্থানে শিল্পের বিকাশে শিল্প মন্ত্রণালয়কে দায়িত্বপালন করতে হবে। | ২৪/০৮/২০১৪ খ্রি. | | - | বাস্তবায়িত |
| ০৬. | শিল্পের মালিকানা সরকারি,বেসরকারি, যৌথ এ তিন প্রকার হতে হবে, বেসরকারি মালিকানাধীন শিল্পকে সহায়তার পাশাপাশি তাদের পরিবেশ বান্ধব উৎপাদন, শ্রমিকদের জীবনমান উন্নয়ন এবং সামাজিক দায়বদ্ধতার বিষয়টি নিশ্চিত করতে হবে। | | | - | বাস্তবায়িত |
| ০৭. | মার্কেট এক্সেস এন্ড ট্রেড ফেসিলেটেশন সাপোর্ট ফর সাউথ এশিয়ান এলডিসি থ্রু স্ট্রেংদেনিং ইন্সটিটিউশনাল এন্ড ন্যাশনাল ক্যাপাসিটিজ রিলেটেড টু স্ট্যান্ডার্ডস, মেট্রোলজি, টেস্টিং এন্ড কোয়ালিটি ফেজ-২। | | | - | বাস্তবায়িত |
| ০৮. | মর্ডানাইজেশন অব বিএসটিআই থ্রু প্রোকিউরমেন্ট অব সফস্টিকেটেড ইকুইপমেন্ট এন্ড ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট অব ল্যাবরেটরিজ ফর এ্যাক্রিডিটেশন। | | | - | বাস্তবায়িত |
| ০৯. | নবসৃষ্ট এক্রিডিটেশন বোর্ডের নিয়োগ বিধি চূড়ান্তকরণ ও জনবল নিয়োগ। | | | - | বাস্তবায়িত |
| ১০. | এটলাস বাংলাদেশ লি. এর মাধ্যমে পরিবেশ বান্ধব ব্যাটারি চালিত গাড়ি উৎপাদন। | | | - | বাস্তবায়িত |
| ১১. | বিএসটিআই'র পরীক্ষার মান এবং পণ্যের সার্টিফিকেটকে আন্তর্জাতিকভাবে গ্রহণযোগ্য করা। | ১২/০৪/২০০৯ খ্রি. | | - | বাস্তবায়িত |
| ১২. | বিটাক কর্তৃক উৎপাদিত পণ্য সরকারের বিভিন্ন প্রতিষ্ঠান/শিল্পে ব্যবহার। | | | - | বাস্তবায়িত |
| ১৩. | হাতে কলমে কারিগরি প্রশিক্ষণে মহিলাদের গুরুত্ব দিয়ে বিটাকের কার্যক্রম সম্প্রসারণপূর্বক আত্ম-কর্মসংস্থান সৃষ্টি। | | | - | বাস্তবায়িত |
| ১৪. | বিটাক বগুড়া প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন। | | | - | বাস্তবায়িত |
| ১৫. | মঙ্গা এলাকায় জনসাধারণের আর্থউন্ন অবস্থার সামাজিক-য়ন প্রকল্প এবং বিসিক বেনারশী পল্লী উন্নয়ন, রংপুর প্রকল্প বাস্তবায়ন। | | | - | বাস্তবায়িত |

| ক্রঃ নং | প্রদত্ত নির্দেশনা | নির্দেশনা প্রদানের সময় | গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৭ |
| ১৬. | রাষ্ট্রায়ত্ব ২টি কারখানা পরিচ্ছন্নকরণ ও শিল্প পার্ক স্থাপন শীর্ষক প্রকল্প চালু করার ব্যবস্থা করণ। | ১২/০৪/২০০৯ খ্রি. | | - | বাস্তবায়িত |
| ১৭. | "শাহজালাল ফার্টিলাইজার কোম্পানি লি." এবং "নর্থও-য়েস্ট ফার্টিলাইজার কোম্পানি লি." শীর্ষক প্রকল্পদ্বয় গ্রহণ। | ১২/০৪/২০০৯ খ্রি. | | - | বাস্তবায়িত |
| ১৮. | চিনিকলসমূহে উৎপাদন ক্ষমতা অব্যাহত রাখার লক্ষ্যে ০৭(সাত) টি চিনিকলের পুরাতন সেন্ট্রিফিউগাল মেশিন প্রতিস্থাপন করা। | | | - | বাস্তবায়িত |
| ১৯. | বিএমআর অব ফরিদপুর সুগার মিলস লি. (সংশোধিত) প্রকল্প বাস্তবায়ন। | | | - | বাস্তবায়িত |
| ২০. | কেরুজ সুগার মিলে (ডিস্টিলারিতে) প্রেসমাড হতে অর্গানিক জৈবসার উৎপাদন প্লান্ট স্থাপন প্রকল্প বাস্তবায়ন করা। | | | - | বাস্তবায়িত |
| ২১. | বিভিন্ন চিনিকলের জন্য পাওয়ার টারবাইন, ডিজেল জেনারেটর ও বয়লার প্রতিস্থাপন প্রকল্প। | | | - | বাস্তবায়িত |
| ২২. | সিলেট ও বরিশাল বিভাগে বিএসটিআই'র আঞ্চলিক অফিস স্থাপন, আধুনিকীকরণ ও উন্নয়ণ প্রকল্প। | | | - | বাস্তবায়িত |
| ২৩. | Barrier Removal to the Cost-Effective Development and Implementation of Energy Standards & Labeling (BRESL). | | | - | বাস্তবায়িত |
| ২৪. | কারখানার শ্রমিকদের চাকরির বয়স বৃদ্ধিকরণ। | | | - | বাস্তবায়িত |
| ২৫. | নতুন শিল্প কারখানা স্থাপন পদক্ষেপ গ্রহণ। | | | - | বাস্তবায়িত |
| ২৬. | ডিএপি সার ব্যবহারে কৃষকদের সচেতনতা বৃদ্ধি করা এবং এ সম্পর্কে কৃষি সম্প্রসারণ বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ। | | | - | বাস্তবায়িত |
| ২৭. | ফুড প্রসেসিং ইউনিট স্থাপন। | | | - | বাস্তবায়িত |
| ২৮. | আখ চাষীদের স্বার্থ সংরক্ষণ। | | | - | বাস্তবায়িত |
| ২৯. | চিনিকলের অব্যবহৃত জমি লীজ প্রদান। | | | - | বাস্তবায়িত |
| ৩০. | রংপুরে শতরঞ্জি শিল্পের বিকাশের জন্য নিশবেতগঞ্জে শতরঞ্জি পল্লী স্থাপন। | | | - | বাস্তবায়িত |
| ৩১. | জাতীয় শিল্পনীতি ২০১০। | | | - | বাস্তবায়িত |
| ৩২. | Modernization & Strengthening of BSTI (বিএসটিআই এর আধুনিকায়ন) | | | - | বাস্তবায়িত |